# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Boishakh 10, 1431 Bangla, April 23, 2024, Tuesday, No. 114, 54th year

# H I G H L I G H T S

Emir of Qatar Sheikh Tamim bin Hamad Al-Thani has arrived in Bangladesh on a two-day state visit; President Mohammed Shahabuddin welcomed him at Hazrat Shahjalal International Airport.
[R. Tehran: 13]

PM Sheikh Hasina has urged all concerned to build a safe and beautiful world for future generations and enhance adaptation capacity. [VOA: 12]

BNP Secretary General Mirza Fakhrul said ACC has now become a full-fledged puppet of government.
[VOA: 9]

ACC has formed a committee to investigate corruption of Former IGP Benazir Ahmed and her family.
[VOA: 8]

BNP chairperson's adviser Zainul Abedin Faruk sought AL GS Obaidul Quader's explanation on where he fought during Liberation war. [R. Today: 16]

Heat wave still sweeping over more than 45 districts, Meteorological Department has again issued a 72-hour 'heat alert'; experts say climate change is to blame. [BBC: 5]

About 1,000 megawatts of load-shedding occurred due to severe heatwaves on Monday; pressure of patients with various heat-related diseases increases in hospital; acute shortage of drinking water in various areas of Khulna. [VOA: 6]

An armed terrorist of Kuki-Chin National Front was killed in an army operation at remote Munlai Para area of Ruma Upazila in Bandarban; Weapons, ammunition, and other equipment have been recovered.
[Jago FM: 23]

A young man is killed in firing by BSF along Putia border in Brahmanbaria. A Student has drowned in Dhaka University swimming pool. [R. Today: 16, 17]

Some officials and employees of ACC, Ministry of Education and other government institutions are involved in Technical Education Board certificate fraud. [Jago FM: 18]

Department of Narcotics Control has seized a huge amount of banned drug Cannabis worth crores of taka in a parcel coming from United States; three drug dealers are arrested. [Jago FM: 19]

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১০, বাংলা ১৪৩১, এপ্রিল ২৩, ২০২৪, মঙ্গলবার, নং-১১৪, ৫৪তম বছর**

# শিরোনাম

দু'দিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে এসেছেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন তাকে স্বাগত জানান। [রেডিও তেহরানঃ ১৩]

ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও সুন্দর পৃথিবী গড়ে তুলতে, অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। [ভোয়াঃ ১২]

দুদক এখন পরিপূর্ণভাবে সরকারের ক্রীড়নকে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল। [ভোয়াঃ ৯]

পুলিশের সাবেক আইজিপি ড. বেনজীর আহমেদ ও তার পরিবারের দুর্নীতি তদন্তে কমিটি গঠন করেছে দুদক। [ভোয়াঃ ৮]

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের কোথায় মুক্তিযুদ্ধ করেছেন তা জানতে চেয়েছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবেদিন ফারুক। [রেডিও টুডেঃ ১৬]

৪৫টির বেশি জেলার উপর দিয়ে বয়ে যাচ্ছে তাপপ্রবাহ; আবারও ৭২ ঘণ্টার 'হিট অ্যালার্ট' জারি করেছে আবহাওয়া অধিদপ্তর; জলবায়ু পরিবর্তনকে মূল কারণ বলছেন বিশেষজ্ঞরা। [বিবিসিঃ ৫]

প্রচণ্ড তাপদাহের কারণে সোমবার বিদ্যুতের প্রায় এক হাজার মেগাওয়াট লোডশেডিং হয়েছে; বিভিন্ন তাপজনিত রোগে হাসপাতালে রোগীদের চাপ বেড়েছে; খুলনার বিভিন্ন এলাকায় দেখা দিয়েছে সুপেয় পানির তীব্র সংকট। [ভোয়াঃ ৬]

বান্দরবানের রুমা উপজেলার দুর্গম মুনলাই পাড়া এলাকায় সেনাবাহিনীর অভিযানে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের এক সশস্ত্র সন্ত্রাসী নিহত হয়েছে। অস্ত্র, গোলাবারুদ ও অন্যান্য সরঞ্জাম উদ্ধার । [জাগো এফএমঃ ২৩]

ব্রাহ্মণবাড়িয়ার পুটিয়া সীমান্তে বিএসএফের গুলিতে এক যুবক নিহত। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুইমিং পুলে সাঁতার কাটতে গিয়ে পানিতে ডুবে এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। [রেডিও টুডেঃ ১৬, ১৭]

কারিগরি শিক্ষা বোর্ডের সার্টিফিকেট জালিয়াতির ঘটনায় জড়িত দুদক, শিক্ষা মন্ত্রণালয়সহ সরকারের অন্য প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীও। [জাগো এফএমঃ ১৮]

যুক্তরাষ্ট্র থেকে আসা একটি পার্সেলে প্রায় কোটি টাকা মূল্যের বিপুল পরিমাণ নিষিদ্ধ মাদক কেনাবিস কুশ, চকলেট ও কেক জব্দ করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর; তিন মাদক কারবারি আটক। [জাগো এফএমঃ ১৯]

# বিবিসি

## কাতারের আমির আজ ঢাকায়, বাংলাদেশ যা যা চাইছে

কাতারের বর্তমান আমির শেখ তামিম বিন হামাদ আল থানি আজ (সোমবার) দুই দিনের রাষ্ট্রীয় সফরে ঢাকা আসছেন। এর মাধ্যমে প্রায় দুই দশক পর দেশটির কোনও আমির বাংলাদেশের মাটিতে পা রাখতে যাচ্ছেন। এছাড়া ক্ষমতাসীন আওয়ামী লীগ টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসার পর এটিই মধ্যপ্রাচ্যের কোনও রাষ্ট্রপ্রধানের প্রথম বাংলাদেশ সফর। সব মিলিয়ে কাতারের আমিরের এই সফরকে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করছে বাংলাদেশ সরকার। কিন্তু এই সফর থেকে বাংলাদেশ ঠিক কী অর্জন করার প্রত্যাশা করছে? "আমাদের দেশে এনার্জির মজুদ আরও বাড়ানোর ক্ষেত্রে এবং এনার্জি সিকিওরিটি নিশ্চিত করার ক্ষেত্রে আমি মনে করি এই সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে", রোববার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বলেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। কাতার মধ্যপ্রাচ্যে বাংলাদেশের অন্যতম বড় একটি শ্রমবাজার। জ্বালানি আমদানি, বিশেষ করে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) আমদানির ক্ষেত্রেও বাংলাদেশ কাতারের উপর অনেকাংশেই নির্ভরশীল। তাছাড়া আন্তর্জাতিক পরিমণ্ডলেও কাতার দিন দিন 'গুরুত্বপূর্ণ খেলোয়াড়' হয়ে উঠছে। ফলে বাংলাদেশ তাদের সাথে ঘনিষ্ঠতা আরও বাড়াতে চাচ্ছে বলে মনে করছেন বিশ্লেষকরা। "শ্রমবাজার, জ্বালানি নির্ভরতা এবং আন্তর্জাতিক রাজনীতিতে বর্তমানে কাতারের যে অবস্থান, সব মিলিয়ে দেশটির আমিরের এই সফর নি:সন্দেহে বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ", বিবিসি বাংলাকে বলেন বাংলাদেশের সাবেক কূটনীতিক হুমায়ুন কবির। এর আগে ২০০৫ সালে কাতারের তখনকার আমির হামাদ বিন খলিফা আল থানি শেষবার রাষ্ট্রীয়ভাবে বাংলাদেশ সফরে এসেছিলেন। প্রায় দুই দশক পর বর্তমান আমির শেখ তামিম বিন হামাদ আল থানি রাষ্ট্রীয় সফরে ঢাকা আসছেন। সোমবার বিকেলে একটি বিশেষ ফ্লাইটে কাতারের আমির ঢাকা পৌঁছাবেন বলে জানা গেছে।

ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে আনুষ্ঠানিকভাবে তাকে অভ্যর্থনা জানাবেন বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। এই সফর চলাকালে দু'দেশের মধ্যে বিভিন্ন বিষয়ে অন্তত ১১টি চুক্তি ও সমঝোতা স্মারক সই হওয়ার সম্ভাবনা রয়েছে বলেও সাংবাদিকদের জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। এর মধ্যে ছয়টি চুক্তি এবং পাঁচটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হতে পারে বলে জানান তিনি। চুক্তিগুলোর মধ্যে রয়েছে : দ্বৈতকর পরিহার, আইনগত বিষয়ে সহযোগিতা, সাগরপথে পরিবহন, বিনিয়োগ উন্নয়ন ও সুরক্ষা, দণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের হস্তান্তর এবং যৌথ ব্যবসা পরিষদ গঠন সংক্রান্ত চুক্তি। অন্য দিকে, শ্রমশক্তি, বন্দর পরিচালনা, উচ্চ শিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণা, যুব ও ক্রীড়া সহযোগিতা এবং কূটনৈতিক প্রশিক্ষণ সহযোগিতার উপর সমঝোতা স্মারক সই হতে পারে বলে জানা গেছে। "বাংলাদেশের সাথে কাতারের বিদ্যমান দ্বিপাক্ষিক সম্পর্ক অত্যন্ত গভীর, বন্ধুত্বপূর্ণ ও বহুমুখী", বলেন পররাষ্ট্রমন্ত্রী মি. মাহমুদ। তিনি আরও বলেন, "আমরা আশা করছি, এই সফরের মাধ্যমে দু'দেশের মধ্যে যে অত্যন্ত চমৎকার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সেটি আরও উচ্চতায় উন্নীত হবে।"

কাতারের আমিরের নামে ঢাকায় একটি সড়ক ও পার্কেরও নামকরণ করা হচ্ছে। "দুই দেশের মধ্যে বন্ধুত্বের এই সম্পর্ক এবং আমিরের এই সফরকে স্মরণীয় করে রাখার লক্ষ্যে তার নামে এই পার্ক ও রাস্তার নামকরণ করা হচ্ছে," সাংবাদিকদের বলেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। ঢাকার মিরপুরের কালসি বালুর মাঠ এলাকায় নির্মিতব্য ওই পার্ক এবং মিরপুর ইসিবি চত্বর থেকে কালসি উড়াল সেতু পর্যন্ত সড়কটি কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি নিজেই উদ্বোধন করবেন বলে জানানো হয়েছে। কাতারের আমিরের সফরকে বিনিয়োগ ও বাণিজ্যের জন্য বড় সম্ভাবনা হিসেবে দেখছে সরকার। "বিপুল পরিমাণ সার্বভৌম তহবিলের অধিকারী কাতার বাংলাদেশের জন্য একটি সম্ভাবনাময় বিনিয়োগের উৎস", সংবাদ সম্মেলনে বলেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। কাজেই, বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে কাতারকে আগ্রহী করে তোলার বিষয়টি এবারের সফরে বিশেষভাবে গুরুত্ব দেয়া হচ্ছে।

ইতিমধ্যেই কাতারের বন্দর ব্যবস্থাপনা প্রতিষ্ঠান মাওয়ানি বাংলাদেশে বন্দর ব্যবস্থাপনায় আগ্রহ প্রকাশ করেছে বলে জানা গেছে। বিশেষ করে প্রতিষ্ঠানটি মহেশখালীর মাতারবাড়িতে নির্মাণাধীন বন্দরের ব্যবস্থাপনা করতে চায়। যদিও বাংলাদেশ এখনই প্রতিষ্ঠানটিকে এ বন্দরের ব্যবস্থাপনার দায়িত্ব দেওয়া বিষয়ে চূড়ান্ত কোনও সিদ্ধান্ত নেয়নি। তবে মাওয়ানি কাতারকে যুক্ত রাখার প্রেক্ষাপটে এ সফরে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সঙ্গে প্রতিষ্ঠানটির একটি সমঝোতা স্মারক সই হতে পারে বলে জানা গেছে। "বন্দর ব্যবস্থাপনার ক্ষেত্রে কাতারের বিশ্বব্যাপী সুনাম আছে। কাজেই তারা যদি বাংলাদেশে বিনিয়োগ করতে চায়, সেটি অবশ্যই ভালো খবর", বিবিসি বাংলাকে বলেন গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। বিনিয়োগে আগ্রহ সৃষ্টি করতে কাতারকে আলাদা ইকোনোমিক জোন দেওয়ার প্রস্তাব রাখা হবে বলেও জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। পাশাপাশি কাতারে পণ্য রপ্তানির ক্ষেত্রেও জোর দিচ্ছে সরকার। "গার্মেন্টিস তো আছেই, এছাড়া আমাদের সিরামিক প্রোডাক্টস, ওষুধ-সহ আরও অনেক নন-ট্রাডিশনাল আইটেম আছে। সেগুলোর রফতানি আরও বাড়ানোর জন্য আমরা চেষ্টা করছি", সাংবাদিকদের বলেন পররাষ্ট্রমন্ত্রী মি. মাহমুদ। কাতার থেকে তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজি

আমদানির জন্য ২০১৭ সালে ১৫ বছরের জন্য একটি চুক্তি সই করে বাংলাদেশ। চুক্তি অনুযায়ী, এখন প্রতি বছর প্রায় ৪০ কনটেইনার (১.৮-২.৫ এমটিএ) জ্বালানি আমদানি করছে সরকার, যা বিদ্যুৎ উৎপাদন-সহ নানান কাজে ব্যবহৃত হচ্ছে।

জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে এখন বাংলাদেশ আরও অধিক এলএনজি সরবরাহ চায়। সেই লক্ষ্যে গত বছর কাতারের সাথে দীর্ঘমেয়াদী একটি চুক্তিও করে সরকার। সেই চুক্তি অনুযায়ী, বাংলাদেশ প্রতি বছর কাতার থেকে অতিরিক্ত এক দশমিক আট এমএমটি এলএনজি পাবে, যার সরবরাহ শুরু হবে ২০২৬ সাল থেকে। কিন্তু জ্বালানি সংকটের কারণে ইতিমধ্যেই বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন ব্যাহত হতে শুরু করেছে। ফলে ২০২৬ সালের আগেই তরলীকৃত প্রাকৃতিক গ্যাসের সরবরাহ বাড়ানো যায় কি না, সে বিষয়ে কাতারের আমিরের সাথে আলোচনা হতে পারে বলে জানা গেছে। "জ্বালানির ব্যাপারে কাতারের সঙ্গে যে দীর্ঘমেয়াদী চুক্তি আমাদের রয়েছে, সেটিকে আরও কীভাবে সৃজনশীল উপায়ে এগিয়ে নেওয়া যেতে পারে, সরকারের উচিত সেটি ভেবে দেখা এবং এ ধরনের উচ্চ পর্যায়ের নেতাদের সফর সেটির জন্য একটি ভালো সময়", বিবিসি বাংলাকে বলেন সাবেক কূটনীতিবিদ হুমায়ুন কবির। এদিকে, গ্যাসের আমদানির পাশাপাশি বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি খাতে কাতারের বিনিয়োগ আনার প্রতি গুরুত্ব দিতে পরামর্শ দিচ্ছে সিপিডি। "তারা যেহেতু জ্বালানি খাত নিয়ে কাজ করছে, কাজেই তাদেরকে সরকার বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি খাতে বিনিয়োগের প্রতি আকৃষ্ট করার চেষ্টা করতে পারে", বিবিসি বাংলাকে বলেন সিপিডির গবেষণা পরিচালক খন্দকার গোলাম মোয়াজ্জেম। সরকারি হিসেবে কাতারে বর্তমানে চার লক্ষেরও বেশি বাংলাদেশি কর্মরত রয়েছেন, যাদের বেশির ভাগই গেছেন অদক্ষ শ্রমিক হিসেবে। ফলে অন্যান্য দেশের দক্ষ শ্রমিকদের তুলনায় তারা সেখানে কম বেতন ও অন্যান্য সুবিধাও কম পেয়ে থাকেন। "তারা দক্ষ শ্রমিক নেয় ভারত-পাকিস্তান থেকে। আমরা আমরা পাঠাই স্বল্প দক্ষ ও অদক্ষ শ্রমিক। ফলে বেশি কাজ করেও তারা সে অনুযায়ী রেমিট্যান্স পাঠাতে পারে না", বিবিসি বাংলাকে বলেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সির (বায়রা) সভাপতি আবুল বাশার।

"কাজেই সরকারের উচিত দক্ষ শ্রমিক রফতানির ব্যাপারে কাতারের সঙ্গে কথা বলা। কারণ আমাদের এখানে বর্তমানে পর্যাপ্ত দক্ষ শ্রমিক রয়েছে", বলেন মি. বাশার। এবারের সফরে অবশ্য সে বিষয়েই আলোচনা করা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী। "আমরা আরও বেশি দক্ষ শ্রমিক কীভাবে কাতারে পাঠাতে পারি, সেটি নিয়ে আমিরের সাথে আলোচনা করা হবে", সাংবাদিকদের বলেন হাছান মাহমুদ। শতাধিক বাংলাদেশি নাগরিক কাতারের বিভিন্ন কারাগারে বন্দী রয়েছেন বলে জানা গেছে। তাদেরকে ফিরিয়ে আনার ব্যাপারে আলোচনা চলছে বলে এর আগে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছিল। "এটি এখন আর কেবল আলোচনার মধ্যেই সীমাবদ্ধ নেই। চুক্তিই স্বাক্ষরিত হতে যাচ্ছে", রোববার সাংবাদিকদের বলেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। এই চুক্তির ফলে দুই দেশ সাজাপ্রাপ্ত বন্দীদের হস্তান্তর করতে পারবে। ফলে কাতারের কারাগারে বন্দী বাংলাদেশি নাগরিকদের দেশে ফিরিয়ে আনা সম্ভব হবে বলে মনে করছে সরকার। এর আগে ভারত ও থাইল্যান্ডের সঙ্গেও বন্দী বিনিময় চুক্তি সই করেছে বাংলাদেশ। ২০২৩ সালের মার্চে কাতারের সঙ্গে প্রতিরক্ষা সহযোগিতায় একটি সমঝোতা স্মারক সই করেছিল বাংলাদেশ। যদিও সেটি এখনও কার্যকর হয়নি বলে জানা গেছে। তবে কাতারের আমিরের ঢাকা সফরে প্রতিরক্ষা সহযোগিতা বাড়ানোর বিষয়টি আলোচনায় থাকতে পারে। এ মুহূর্তে কাতারের নৌবাহিনীর সঙ্গে বাংলাদেশ কোস্টগার্ডের একটি সমঝোতা স্মারক রয়েছে। এর আওতায় কোস্টগার্ডের সদস্যরা কাতারে কাজ করছেন। আর গত বছর স্বাক্ষরিত সমঝোতা স্মারকটি কার্যকর হলে বাংলাদেশের অন্যান্য প্রতিরক্ষা বাহিনীর সদস্যরাও কাতারে কাজ করার সুযোগ পাবে বলে জানা গেছে। কাতারে বাংলাদেশিদের উচ্চশিক্ষা ও গবেষণা কার্যক্রমের সুযোগ তৈরি করার জন্য সে দেশের আমিরের এবারের সফরে একটি সমঝোতা স্মারক সই করতে যাচ্ছে সরকার। এর ফলে বাংলাদেশের নাগরিকদের জন্য বিদেশে উচ্চশিক্ষার নতুন দ্বার উন্মুক্ত হতে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা। "কাতার এখন শিক্ষা-দীক্ষায় অনেক এগিয়ে গেছে এবং বিশ্বের নামি-দামি প্রায় সব বিশ্ববিদ্যালয়ই সেখানে শাখা খুলছে", বিবিসি বাংলাকে বলেন সাবেক কূটনীতিক হুমায়ুন কবির। কাজেই দেশটির আমিরের সাথে আলোচনা করে সুযোগ সৃষ্টি করতে পারলে এদেশের শিক্ষার্থীরা আরও বেশি সংখ্যায় বড় বড় বিশ্ববিদ্যালয়ে পড়ার ও গবেষণা করার সুযোগ পাবেন বলেন মনে করেন তিনি। "কাতারের আমিরের এই সফর সে দিক থেকেও বেশ গুরুত্বপূর্ণ", বিবিসি বাংলাকে বলেন মি. কবির। এছাড়া ইসরায়েল-গাজা যুদ্ধ নিয়েও এই সফরে আলোচনা হতে পারে। কারণ কাতারের আমির এমন একটি সময়ে বাংলাদেশে আসছেন, যখনই মধ্যপ্রাচ্যে নতুন করে সংঘাত শুরু হয়েছে। আর কাতার সেই সংঘাত নিরসনে মধ্যস্থকারীর ভূমিকা পালন করছে। কাজেই এই সংঘাতের ব্যাপারে বাংলাদেশের অবস্থান কাতারের সামনে তুলে ধরা হতে পারে বলে জানা গেছে।

(বিবিসি ওয়েব পেজ:২২.০৪.২০২৪ রিহাব)

## নতুন 'হিট অ্যালার্ট' জারি, বাংলাদেশে এত গরম আর কতদিন চলবে?

"এবারের মতো গরম আমি আগে দেখিনি। রোদে গেলে মনে হচ্ছে গায়ের চামড়া পুড়ে যাচ্ছে", বিবিসি বাংলাকে বলছিলেন ঢাকার একজন রিক্সাচালক মোহাম্মদ মিঠুন। সাতাশ বছর বয়সী মি. মিঠুন পাঁচ বছরেরও বেশি সময় ধরে রিক্সা চালাচ্ছেন। গরমের কারণে তার দৈনন্দিন আয় প্রায় অর্ধেকে নেমে এসেছে বলে জানাচ্ছিলেন। "আয় থাকব কী করে? খ্যাপ টানতে গেলেই গলা-বুক শুকায়ে কাঠ হয়ে যাচ্ছে। পানি খাওয়ার পরও মনে হচ্ছে তেষ্টা মিটতেছে না", বিবিসি বাংলাকে বলেন মি. মিঠুন। ঢাকাসহ বাংলাদেশের ৪৫টির বেশি জেলার উপর দিয়ে এখন তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। একইসাথে, দিনের গড় তাপমাত্রা কয়েক ডিগ্রি বেড়ে গিয়েছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। ফলে তীব্র গরম অনুভূত হওয়ায় সারা দেশেই জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এ অবস্থার মধ্যেই সোমবার আবারও ৭২ ঘণ্টার 'হিট অ্যালার্ট' বা তাপপ্রবাহের সতর্কবার্তা জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। তীব্র গরমের কারণে ইতোমধ্যেই স্কুল-কলেজে সাত দিনের ছুটি ঘোষণা করেছে সরকার। এছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয় অনলাইনে ক্লাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে বলে জানা যাচ্ছে। পাশাপাশি গরমে হিট স্ট্রোকসহ বিভিন্ন শারীরিক সমস্যা বেড়ে যাওয়ায় বেশ কয়েকজনের মৃত্যু হয়েছে। কিন্তু এবছর এত গরম পড়ার কারণ কী? বর্তমানে যে তাপপ্রবাহ শুরু হয়েছে, সেটিই-বা কতদিন চলবে? তাপমাত্রা কমার সম্ভাবনা না থাকায় সারা দেশে আবারও তিন দিনের জন্য 'হিট অ্যালার্ট' বা তাপপ্রবাহের সতর্কবার্তা জারি করেছে আবহাওয়া অধিদপ্তর। চলতি মাসে এ নিয়ে টানা তৃতীয় দফায় 'হিট অ্যালার্ট' জারি করা হলো। এই সময়ে সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে বলে জানানো হয়েছে। "এই সময় বাতাসে জলীয় বাষ্পের আধিক্য থাকবে। ফলে গরমের অস্বস্তি কিছুটা বাড়তে পারে", বিবিসি বাংলাকে বলেন আবহাওয়াবিদ বজলুর রশিদ।

চলতি মাসের প্রথম সপ্তাহ থেকেই বাংলাদেশের কিছু জেলায় তাপপ্রবাহ বইতে শুরু করে। এরপর গত দুই সপ্তাহে তাপপ্রবাহ প্রায় সারা দেশেই ছড়িয়ে পড়েছে। এর মধ্যে দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের বেশ কয়েকটি জেলার উপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যেতে দেখা যাচ্ছে। ইতোমধ্যেই যশোরে চলতি বছরের সর্বোচ্চ তাপমাত্রা ৪২ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। এছাড়া রোববার চুয়াডাঙ্গায় ৪২ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। আর ঢাকায় এ বছর সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪০ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস। বাংলাদেশে সাধারণত কোনও স্থানের তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াসের বেশি হলে সেখানে সতর্কবার্তা জারি করা হয়। "কোনও বিশাল এলাকা জুড়ে যখন তাপপ্রবাহ হয়, তখন এরকম সতর্কবার্তা দেওয়া হয়," বিবিসিকে বলেন আবহাওয়াবিদ মুহাম্মদ আবুল কালাম মল্লিক। এক্ষেত্রে বাতাসে তাপমাত্রা ৩৬ থেকে ৩৮ ডিগ্রি সেলসিয়াসের কম হলে, সেটিকে মৃদু তাপপ্রবাহ ধরে থাকেন আবহাওয়াবিদরা। এছাড়া তাপমাত্রা ৩৮ থেকে ৪০ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে হলে মাঝারি এবং ৪০ থেকে ৪২ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে হলে, সেটিকে তীব্র তাপপ্রবাহ বলা হয়ে থাকে। আর তাপমাত্রা যদি ৪২ ডিগ্রি সেলসিয়াসের উপরে উঠে যায়, তখন তাকে বলা হয় অতি তীব্র তাপপ্রবাহ।

গত দুই সপ্তাহে যশোর এবং চুয়াডাঙ্গা জেলায় অতি তীব্র তাপপ্রবাহ দেখা গেছে। আর বর্তমানে পাবনা ও চুয়াডাঙ্গার ওপর দিয়ে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আর রাজশাহী, টাঙ্গাইল, যশোর এবং কুষ্টিয়ায় তীব্র তাপপ্রবাহ বইছে বলে জানানো হয়েছে। এর বাইরে, ঢাকা, রাজশাহী, মৌলভীবাজার, চাঁদপুর, রংপুর, ময়মনসিংহ, খুলনা এবং বরিশালসহ আরও কয়েকটি জেলার উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়াবিদরা বলছেন, বাংলাদেশে প্রায় প্রতি বছরই এপ্রিল মাসে গড়ে সাধারণত দুই-তিনটি মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ এবং এক থেকে দু'টি তীব্র থেকে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যায়। কিন্তু এবছর তীব্র তাপপ্রবাহ অনুভূত হওয়ায় ইতোমধ্যেই তিনটি হিট অ্যালার্ট জারি করা হয়েছে। এপ্রিলের শেষ সপ্তাহেও নতুন হিট এলার্ট জারি করতে হতে পারে বলে ধারণা করছেন আবহাওয়াবিদরা। "বস্তুতঃ সারা দেশে দিনের তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি সেলসিয়াস বেড়ে গেছে", বিবিসি বাংলাকে বলেন আবহাওয়াবিদ শাহ আলম। তিনি জানান, এপ্রিল মাসে বাংলাদেশে গড়ে তাপমাত্রা থাকে ৩৬ ডিগ্রি সেলসিয়াস। কিন্তু এ বছর সেটি বৃদ্ধি পেয়ে গড় তাপমাত্রা প্রায় ৩৮ ডিগ্রি সেলসিয়াসে দাঁড়িয়েছে। "এ কারণে সারা দেশেই তীব্র গরম অনুভূত হচ্ছে", বিবিসি বাংলাকে বলেন মি. আলম। এছাড়া এ বছরের তাপপ্রবাহের ব্যাপ্তিকাল বিগত বছরগুলোকে ছাড়িয়ে যাবে বলে আশঙ্কা করছেন তারা। "সামনে গড় তাপমাত্রা আরও বাড়ার সম্ভাবনা রয়েছে। এমনকি তাপপ্রবাহ অব্যাহত থাকলে এটি বাংলাদেশের উষ্ণতম বছরও হতে পারে", বিবিসি বাংলাকে বলেন আবহাওয়াবিদ শাহ আলম। এর আগে, ২০২৩ সালকে বাংলাদেশের উষ্ণতম বছর হিসেবে বর্ণনা করেছিলেন আবহাওয়াবিদরা। ওই বছর একটানা তিন সপ্তাহ পর্যন্ত তাপপ্রবাহ চলার রেকর্ড হয়েছিল। আবহাওয়াবিদরা বলছেন, পর্যাপ্ত পরিমাণে বৃষ্টিপাত না হওয়ার কারণে বাংলাদেশে এবছর এপ্রিলে গড় তাপমাত্রা বেড়ে গেছে। "বৃষ্টিপাত না হওয়ার কারণে দিন ও রাতের তাপমাত্রার পার্থক্য কম হচ্ছে। ফলে গরম থেকেই যাচ্ছে", বিবিসি বাংলাকে বলেন আবহাওয়াবিদ হাফিজুর রহমান। তিনি আরও বলেন, "ভারি বৃষ্টিপাত হলেই গরম কেটে যাবে।"

কিন্তু কবে নাগাদ সেই ভারি বৃষ্টিপাত শুরু হতে পারে? "কাছাকাছি সময়ের মধ্যে বড় ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা খুব একটা দেখা যাচ্ছে না", বিবিসি বাংলাকে বলেন আবহাওয়াবিদ শাহ আলম। মূলত: বঙ্গোপসাগর থেকে মৌসুমী বায়ু না আসায় বৃষ্টিপাত হচ্ছে না বলে জানান তিনি। "এ বছর মৌসুমী বায়ু আসতে দেরি হচ্ছে। কাজেই ভারি বৃষ্টিপাতের জন্য আমাদেরকে জুন মাস পর্যন্তও অপেক্ষা করা লাগতে পারে", বিবিসি বাংলাকে বলেন মি. আলম। তবে আগামী শুক্রবার নাগাদ দেশের কোথাও কোথাও হালকা দমকা হাওয়া ও বৃষ্টিপাত হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। তবে পরিমাণ কম হওয়ায় সেই বৃষ্টিপাত গরম কমানোর ক্ষেত্রে খুব একটা কাজে আসবে না বলেও জানিয়েছেন আবহাওয়াবিদরা। বৃষ্টিপাত শুরু হতে দেরি হওয়ায় এবছর তাপপ্রবাহ সহসাই থামবে না বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। "সামনে আরও তাপপ্রবাহ আসছে এবং পুরো মে মাসজুড়ে সেটি চলতেই থাকবে", বিবিসি বাংলাকে বলেন আবহাওয়াবিদ শাহ আলম। এছাড়া মৌসুমী বায়ু আসতে দেরি হওয়ায় এবছরের তাপপ্রবাহের স্থায়িত্ব বাড়তে পারে বলে আশঙ্কা করছেন আবহাওয়াবিদরা। "এমনকি তাপপ্রবাহের ব্যাপ্তিকাল আগের বছরগুলোকেও ছাড়িয়ে যেতে পারে", বিবিসি বাংলাকে বলেন মি. আলম। বাংলাদেশে এর আগে তাপপ্রবাহ একটানা সর্বোচ্চ ২৩ দিন পর্যন্ত দীর্ঘায়িত হওয়ারও রেকর্ড রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। তবে তাপপ্রবাহ দীর্ঘায়িত হলে বৃষ্টিপাতের সম্ভাবনাও বেড়ে যাবে বলে জানাচ্ছেন আবহাওয়াবিদরা। "অনেকদিন ধরে তাপপ্রবাহ চলতে থাকলে কোনও কোনও এলাকার বায়ুরচাপ কমে যায়", বিবিসি বাংলাকে বলেন আবহাওয়াবিদ মুহাম্মদ আবুল কালাম মল্লিক। "বায়ুরচাপ কমলে সাগর থেকে আসা জলীয় বাষ্প বাতাসের কোথাও জড়ো হতে শুরু করে এবং তখন সেখানে বজ্রমেঘ তৈরি হয়। পরবর্তীতে সেই মেঘ বৃষ্টিপাত ঘটায়", বলেন মি. মল্লিক। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের গত কয়েকদিনের পূর্বাভাসের দিকে লক্ষ্য করলে দেখা যায়, বাংলাদেশের উত্তর-পশ্চিমাঞ্চলের জেলাগুলোতে এখন বেশি তাপমাত্রা বিরাজ করছে। এর কারণ হিসেবে আবহাওয়াবিদরা জানান, বাংলাদেশের ঐ অঞ্চলের দিকে ভারতের পশ্চিমবঙ্গ, বিহার, উত্তরপ্রদেশ ইত্যাদি রাজ্যের অবস্থান। কিন্তু এইসব প্রদেশের তাপমাত্রা অনেক বেশি। এসব জায়গায় বছরের এই সময়ে তাপমাত্রা ৪২ থেকে ৪৮ ডিগ্রি সেলসিয়াসের মাঝে ওঠানামা করে। ড. মল্লিক বলেন যে গত বছর ভারতের ওইসব অঞ্চলের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৫২ ডিগ্রি সেলসিয়াস। "যেহেতু ওগুলো উত্তপ্ত অঞ্চল, তাই ওখানকার গরম বাতাস চুয়াডাঙ্গা, যশোর, কুষ্টিয়া, রাজশাহী হয়ে বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে এবং তা আমাদের তাপমাত্রাকে গরম করে দেয়।" এই আন্তঃমহাদেশীয় বাতাসের চলাচল ও স্থানীয় পর্যায়েও তাপমাত্রা বৃদ্ধির কারণে দেশব্যাপী এবছর তাপপ্রবাহ তুলনামূলক বেশি থাকতে পারে বলে মনে করছেন ড. মল্লিক। "বিগত বছরের বৈশিষ্ট্য বিশ্লেষণ করে এটা প্রতীয়মান হচ্ছে যে ২০২৪ সাল উত্তপ্ত বছর হিসেবে যাবে। আমরা এ বছর তাপপ্রবাহের দিন এবং হার বেশি পেতে যাচ্ছি", বলেন তিনি। "এর কারণ জলবায়ু পরিবর্তন। বাংলাদেশের তাপমাত্রার উর্ধ্বগতিতে বৈশ্বিক উষ্ণায়নের ছোঁয়া লেগেছে", মন্তব্য ড. মল্লিকের। এছাড়া বনভূমির পরিমাণ কমে যাওয়া, ভূ-গর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়াএবং শিল্পায়ন ও নগরায়ন বেড়ে যাওয়ার কারণেও সার্বিকভাবে তাপমাত্রা বাড়ছে বলে জানাচ্ছেন আবহাওয়াবিদরা।
(বিবিসি ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশে আরো ৭২ ঘণ্টার হিট অ্যালার্ট, বেড়েছে বিদ্যুতের লোডশেডিং

বাংলাদেশে বিরাজমান তাপপ্রবাহ পরিস্থিতির পরিবর্তন না হওয়ায়, সোমবার (২২শে এপ্রিল) থেকে আরো ৭২ ঘণ্টা 'হিট অ্যালার্ট জারি করেছেদেশটির আবহাওয়া বিভাগ। এর আগে গত ১৯ই এপ্রিল আবহাওয়া অফিস হিট অ্যালার্ট জারি করে। আর্দ্রতা বেড়ে যাওয়ায়, অস্বস্তি তীব্রতর হতে পারে বলে সতর্ক করেছে আবহাওয়া অফিস। এদিকে, তাপপ্রবাহে ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে, সারাদেশে বিদ্যুৎ সরবরাহে প্রায় এক হাজার মেগাওয়াট লোডশেডিং হয়েছে। এছাড়া তীব্র তাপদাহ প্রবণ এলাকাগুলোতে দেখা দিচ্ছে গরম জনিত রোগ-শোক। আর, খুলনার ব্যাপক অঞ্চল জুড়ে দেখা দিয়েছে জলসংকট।

**লোডশেডিং**

ক্রমবর্ধমান চাহিদার বিপরীতে সোমবার বাংলাদেশে বিদ্যুতের প্রায় এক হাজার মেগাওয়াট লোডশেডিং হয়েছে। পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ (পিজিসিবি)-এর তথ্য অনুযায়ী, সোমবার বিকাল ৩টায় দেশে বিদ্যুতের চাহিদা ছিলো ১৫ হাজার ২২০ মেগাওয়াট, তখন লোডশেডিং করতে হয়েছে ৯৯৬ মেগাওয়াট। সোমবার সন্ধ্যায় বিদ্যুতের চাহিদার পূর্বাভাস ছিল ১৫ হাজার ৬৬৬ মেগাওয়াট এবং সরবরাহের পূর্বাভাস ছিলো ১৬ হাজার ২০০ মেগাওয়াট। সরকারি সূত্রে জানা গেছে, রাজধানী ঢাকা ও অন্যান্য বড় শহরে বিদ্যুৎ বিভ্রাট এড়াতে, গ্রামাঞ্চলে লোডশেডিং বেড়েছে। বিভিন্ন এলাকা থেকে পাওয়া সংবাদে জানা যায়, এই গ্রীষ্মে প্রচণ্ড গরমের মধ্যে লোডশেডিংয়ের মাত্রা গ্রামীণ মানুষের দুর্দশা বাড়িয়ে তুলছে। এদিকে রাষ্ট্রীয় মালিকানাধীন পেট্রোবাংলার তথ্যে দেখা যায়, দৈনিক ৩ হাজার ৭৬০ মিলিয়ন ঘনফুট চাহিদার বিপরীতে গ্যাস উৎপাদন হয়েছে ৩ হাজার ৪৬ মিলিয়ন ঘনফুট। এ কারণে, বেশ কিছু বিদ্যুৎকেন্দ্র; বিশেষ করে যেগুলো প্রাথমিক জ্বালানি হিসেবে গ্যাস ব্যবহার করে; গ্যাস সংকটের কারণে সেগুলোতে

উৎপাদন বন্ধ রয়েছে। সোমবার বিদ্যুৎকেন্দ্রগুলো ২ হাজার ৩১৬ দশমিক ৯ এমএমসিএফডি চাহিদার বিপরীতে ১ হাজার ৩৪৯ দশমিক ৯ এমএমসিএফডি গ্যাস সরবরাহ পেয়েছে।

**মেহেরপুরে বাড়ছে রোগীর সংখ্যা**

বাংলাদেশের অন্যতম প্রধান তাপপ্রবাহ প্রবণ জেলা মেহেরপুর। এই জেলায় গত এক সপ্তাহ ধরে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। সর্বোচ্চ তাপমাত্রা ৪৩ ডিগ্রির বেশি রেকর্ড করা হয়েছে। প্রতিদিনই ৪২ থেকে ৪৩ ডিগ্রি সেলসিয়াসের উপরে ওঠানামা করছে তাপমাত্রা। দিন ও রাতের তাপমাত্রায় খুব বেশি পার্থক্য না থাকায়, জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। অসুস্থ হয়ে পড়ছে মানুষ; বিশেষ করে শিশু ও বয়স্ক মানুষ বেশি অসুস্থ হচ্ছে। পেটের পীড়া, ঠান্ডা জ্বর, কাশি, সর্দি, ডায়রিয়া, নিউমোনিয়া, পানিশূন্যতা, শ্বাসকষ্টসহ নানা রোগে আক্রান্ত হচ্ছে শিশুরা। বাড়ছে হিট স্ট্রোকের রোগী। তীব্র গরমে মেহেরপুরের হাসপাতালগুলোতেও প্রতিদিন বাড়ছে রোগীর সংখ্যা। রোগীর চাপ বেড়ে যাওয়ায় দেখা দিয়েছে শয্যা সংকট। রবিবার (২১শে এপ্রিল) মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, গাংনী ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঘুরে দেখা গেছে, বেড না পেয়ে মেঝেতে শুয়ে চিকিৎসা নিচ্ছেন রোগীরা। জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. সাজ্জাদ বলেন, গত এক সপ্তাহে ১ হাজার ৩১৩ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছে। এদের মধ্যে ২২৩ জন ডায়রিয়ায় আক্রান্ত। ২১০ জন ছাড়পত্র নিয়ে বাড়ি ফিরেছে। মেডিসিন ও গাইনি বিভাগে চিকিৎসা নিয়েছেন ৪৫০ নারী। শিশু ওয়ার্ড ভর্তি ২৪০ জন। ছাড়পত্র নিয়ে বাড়ি ফিরেছে ১৫৫ জন শিশু। এছাড়া উন্নত চিকিৎসা নিতে, ১০ জনকে অন্য হাসপাতালে পাঠানো হয়েছে বলে জানান তিনি। আরএমও আরও জানান, এক সপ্তাহের মধ্যে পুরুষ বিভাগে ৩৫০ জন রোগী ভর্তি হয়েছে। এরমধ্যে মারা গেছে ৬ জন রোগী। এছাড়া সার্জারি বিভাগে ভর্তি হয়েছে ৫০ জন। চিকিৎসা শেষে ছাড়পত্র নিয়ে বাড়ি ফিরেছেন ৩১১ জন। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাক্তার আব্দুল্লাহ মারুফ বলেন, এক সপ্তাহে এই স্বাস্থ্য কমপ্লেক্সে ৩৫২ জন রোগী ভর্তি হয়েছেন। এর মধ্যে শিশু ১১২ জন, নারী ১৪৬ জন ও পুরুষ ৯৪ জন। এসব রোগীরা অধিকাংশই চিকিৎসা শেষে ছাড়পত্র নিয়ে বাড়ি ফিরেছেন। রোগীদের মধ্যে বৃদ্ধ ও শিশুর সংখ্যা বেশি। মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক আহসান হাবিব জানান, গত এক সপ্তাহে এই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৮০ জন রোগী ভর্তি হয়েছেন। এদের মধ্যে অধিকাংশই শিশু ও বয়স্ক রোগী। মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক চিকিৎসক জমির মোহাম্মদ হাসিবুস সাত্তার বলেন, গরম বাড়ায় হাসপাতালে রোগীর সংখ্যা বেড়ে। রোগীদের চিকিৎসা সেবা দিতে চিকিৎসকগণ কাজ করছেন। এদিকে, চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা জামিনুর রহমান জানান, গত কয়েকদিন থেকে চুয়াডাঙ্গার ওপর দিয়ে তীব্র তাপদাহ বয়ে যাচ্ছে। এখন তা অতি তীব্র তাপদাহে রূপ নিয়েছে। এই মৌসুমের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪২ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। এ অঞ্চলে আপাতত বৃষ্টির কোনো সম্ভাবনা নেই।

**খুলনায় সুপেয় পানির সংকট**

খুলনার দাকোপ উপজেলাসহ বিভিন্ন এলাকায় শুষ্ক মৌসুমের শুরু থেকেই সুপেয় পানির তীব্র সংকট দেখা দিয়েছে। এর সঙ্গে চলছে প্রচণ্ড তাপপ্রবাহ; এতে জনজীবন অতিষ্ঠ হয়ে পড়েছে। দ্বৈত সংকটে, বিশুদ্ধ খোলা পানি বিক্রির দোকানে এখন দীর্ঘ লাইন দেখা দিয়েছে। কেউ কেউ বাধ্য হয়ে ডোবা-নালার পানি পান করছেন। আক্রান্ত হচ্ছেন ডায়রিয়াসহ নানা পানিবাহিত রোগে। সুন্দরবন ঘেঁষা দাকোপ উপজেলা ৩টি পৃথক দ্বীপের সমন্বয় গঠিত। এর চার পাশে নদীতে লবণ পানির প্রচণ্ড চাপ থাকায় খরা মৌসুমে সুপেয় পানির চরম সংকট দেখা দেয়। প্রতি বছরের মতো এবারও ১টি পৌরসভা ও ৯টি ইউনিয়নের সর্বত্র সুপেয় পানির সংকট দেখা দিয়েছে। বর্তমানে দুই লাখেরও বেশি মানুষ সুপেয় পানির সংকট মোকাবেলা করছেন। চলতি রবি মৌসুমে এ অঞ্চলের প্রধান ফসল তরমুজ, বোরো ক্ষেতেও সেচ দেয়া সম্ভব হচ্ছে না। অনেক কৃষক লোকসানে পড়েছেন। এই এলাকার গভীর নলকুপ কাজ করে না। অগভীর নলকুপ যা আছে, তার অধিকাংশ অকেজো। কিছু নলকুপের পানিতে লবণ, আর্সেনিক এবং অতিরিক্ত আয়রন পাওয়া যাচ্ছে। এলাকার মানুষের খাবার পানির প্রধান ব্যবস্থা পুকুরের পানি ফিল্টার করে খাওয়া। পুকুরগুলোতে পানি স্বল্পতা দেখা দেয়ায়, অনেক ফিল্টার বা পিএসএফ অকেজো হয়ে পড়েছে। এলাকার স্বচ্ছল ব্যক্তিরা বটিয়াঘাটা, খুলনাসহ বিভিন্ন এলাকা থেকে পানি কিনে এনে জীবন ধারণ করছেন। কালাবগি এলাকার রবিউল ইসলামসহ অনেক বাসিন্দা জানান, প্রায় ৫ কিলোমিটার পথ নৌকায় যাওয়া আসা করে কৈলাশগঞ্জ এলাকা থেকে বিশুদ্ধ পানি এনে খেতে হচ্ছে। আর যাদের অবস্থা ভালো, টাকা পয়সা আছে, তারা পানি কিনে খায়। এলাকার গরিব মানুষ সরাসরি পুকুরের পানি পান করছেন বলে তিনি জানান। দাকোপের হোটেল মালিক রচীন বলেন, "পানি সংকটের কারণে খরিদ্দারদের পানি দিতে পারছি না। পুকুরের পানি খাবার অনুপযোগী হওয়ায় তা দিয়ে ধোয়া-মোছার কাজ চলছে। চালনার মেয়র সনত কুমার বিশ্বাস বলেন, সুপেয় পানি সংকট নিরসনে, পৌরসভার পানির প্রকল্পের আওতায় একটি বিশুদ্ধকরণ প্ল্যান্টের কাজ শেষ হয়েছে। এখন পরীক্ষা নিরীক্ষা চলছে, কাজ সম্পন্ন হলেই পৌর এলাকায় সুপেয় পানি সংকট অনেকটা নিরসন হবে। উপজেলা উপসহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুল্লাহ আল মাহমুদ জানান, সুপেয় পানির আধারের মধ্যে ২ হাজার

৬৬৮টি রেইন ওয়াটার হারভেস্টিং ট্যাংক, ২৭টি গভীর নলকূপ, ৫০০টি অগভীর নলকূপ সচল রয়েছে। এছাড়া কয়েকটি এনজিও কিছু পানির ট্যাংক ও কয়েকটি পানি বিশুদ্ধকরণ প্লান্ট নির্মাণ করলেও প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এই এলাকার অধিকাংশ মানুষ নিরাপদ সুপেয় পানির জন্য রেইন ওয়াটার হারভেস্টিংয়ের ওপর নির্ভরশীল বলে জানান তিনি। মার্চ থেকে মে মাস পর্যন্ত প্রচণ্ড তাপপ্রবাহ এবং খরার কারণে পানির চাহিদা তীব্র থাকে। এবারের তীব্র তাপদাহে এই চাহিদা আরো বেড়েছে বলে জানান তিনি। (ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

## তাপপ্রবাহের কারণে ২৬শে এপ্রিলের সমাবেশ স্থগিত করেছে বিএনপি

তীব্র তাপপ্রবাহের কারণে ২৬শে এপ্রিলের সমাবেশ স্থগিত করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি। সোমবার (২২শে এপ্রিল) এক বিবৃতিতে সমাবেশ স্থগিত করার ঘোষণা দেওয়া হয়। রাজধানী ঢাকার নয়াপল্টনে দলটির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এ সমাবেশ হওয়ার কথা ছিল। ঢাকা মহানগর দক্ষিণ বিএনপির দপ্তর সম্পাদক সাইদুর রহমান জানান, সমাবেশের নতুন তারিখ পরে ঘোষণা করা হবে। এর আগে, সোমবার নয়াপল্টনের ভাসানী ভবনে বিএনপির ঢাকা মহানগর দক্ষিণ শাখার আহবায়ক আবদুস সালামের সভাপতিত্বে, ঢাকা মহানগর দক্ষিণ শাখার এক বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। এই সভায় সমাবেশ স্থগিত করার সিদ্ধান্ত হয়। সভায় তাপদাহের কারণে সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় নাগরিকদের পাশে থাকার জন্য বিএনপির সকল পর্যায়ের নেতাকর্মীদের প্রতি আহবান জানানো হয়। তবে পহেলা মে শ্রমিক দিবস উপলক্ষ্যে নয়াপল্টনে র‍্যালি ও সমাবেশ করার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। উল্লেখ্য, আগামী ২৬শে এপ্রিল শুক্রবার নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সমাবেশ করার বিষয়ে অবহিত করে, গত ২০শে এপ্রিল ডিএমপি কমিশনারকে চিঠি দেয় বিএনপি। উল্লেখ্য, আগামী ২৬শে এপ্রিল শুক্রবার নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে সমাবেশ করার বিষয়ে অবহিত করে, গত ২০শে এপ্রিল ডিএমপি কমিশনারকে চিঠি দেয় বিএনপি। বিএনপির ২৬শে এপ্রিলের সমাবেশের ঘোষণায় রাজনৈতিক অঙ্গনে কিছুটা উত্তাপ ছড়ায়। বিএনপির এই ঘোষণার পর, একই দিন রাজধানীতে সমাবেশের ডাক দেয় আওয়ামী লীগ। উল্লেখ্য, তীব্র তাপপ্রবাহের কারণে গত ১৯ই এপ্রিল সারা দেশে হিট অ্যালার্ট জারি করে আবহাওয়া অফিস। সোমবার হিট অ্যালার্ট আরো তিন দিন বাড়ানো হয়েছে।
(ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

## সাবেক আইজিপি বেনজীর ও তার পরিবারের বিরুদ্ধে অভিযোগ অনুসন্ধানে দুদকের কমিটি গঠন

বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) ড. বেনজীর আহমেদ ও তার পরিবারের দুর্নীতি তদন্তে কমিটি গঠন করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সোমবার (২২শে এপ্রিল) দুদকের প্রধান কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান কমিশন সচিব খোরশেদা ইয়াসমিন। তিনি বলেন, গত ৩১শে মার্চ একটি জাতীয় দৈনিক পত্রিকায় সাবেক আইজিপি বেনজীর আহমেদের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জনের একটি প্রতিবেদন প্রকাশিত হয়। এরপর ১ ও ২রা এপ্রিল আরো কয়েকটি ইলেকট্রনিক সংবাদ মাধ্যমে একই ধরনের সংবাদ প্রকাশিত হয়। প্রতিবেদনের বরাত দিয়ে দুদক সচিব বলেন, এসব অভিযোগের বিষয়ে দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ এর বিধি নম্বর ৩ অনুযায়ী কার্যক্রম শুরু করা হয়েছে। দীর্ঘ ইদের ছুটি শেষে গত ১৮ই এপ্রিল প্রথম বৈঠকে সাবেক আইজিপির দুর্নীতির বিষয়টি অনুসন্ধানের সিদ্ধান্ত হয় বলে জানান সচিব খোরশেদা ইয়াসমিন। সংশ্লিষ্ট আইন ও বিধিমালা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে তদন্ত শেষ করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানান তিনি। এর আগে, পুলিশের সাবেক আইজিপি বেনজীর আহমেদের বিরুদ্ধে দুর্নীতির তদন্ত চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়। সোমবার (২২শে এপ্রিল) হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিট দায়ের করেন সুপ্রিম কোর্টের আইনজীবী সালাহউদ্দিন রিগ্যান। রিটে দুদক চেয়ারম্যান ও সচিবসহ চারজনকে বিবাদী করা হয়েছে।

### অস্বাভাবিক সম্পদের অভিযোগ

বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ ও তার পরিবারের সদস্যদের নামে বিপুল পরিমাণে অস্বাভাবিক সম্পদ অর্জনের অভিযোগ এনে প্রতিবেদন প্রকাশ করেছে ঢাকার একটি দৈনিক পত্রিকা। এতে বলা হয়েছে, তার আয়ের সঙ্গে এসব সম্পদের অসামঞ্জস্যতা রয়েছে। চাকরিতে থাকাকালে বেনজীর আহমেদ ক্ষমতার অপব্যবহার করে সম্পদ অর্জন করেছেন বলে ওই প্রতিবেদনে দাবি করা হয়। এরপর, বেনজীর আহমেদের বিরুদ্ধে বিপুল পরিমাণ সম্পদ অর্জনের যে অভিযোগ উঠেছে, তা নিয়ে দুর্নীতি দমন কমিশনকে (দুদক) তদন্ত করার দাবি জানান বিশিষ্টজনরা। দুর্নীতি বিরোধী সংস্থা টিআইবি ও পুলিশের সাবেক শীর্ষকর্তারা ভয়েস অফ আমেরিকাকে বলছেন, অবিলম্বে বেনজীর আহমেদের সম্পদের উৎস অনুসন্ধান করার জন্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) উদ্যোগ নিতে হবে। তারা বলছেন, সরকারি কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ উঠলে তা অসুন্ধান করা দুদকের এখতিয়ার। কেউ অভিযোগ দেবে তার অপেক্ষা না করে দুদককে স্বপ্রণোদিত হয়ে তদন্ত করা শুরু করা উচিত। তদন্তে সত্যতা নিশ্চিত হলে তাকে শাস্তির আওতায় আনতে হবে। বিশেষজ্ঞরা বলছেন, চাকরি করে এতো বিপুল পরিমাণের সম্পদের মালিক হওয়া কারো পক্ষে সম্ভব নয়। রিপোর্টে দেয়া সম্পদের তথ্য সঠিক হলে, এখানে অবশ্যই দুর্নীতি হয়েছে। তথ্য সঠিক হলে তাকে আইনের আওতায় এনে শাস্তি দিতে হবে; বলেন তারা। তারা আরো বলেন, তা করতে না পারলে সমাজে

বার্তা এ ধরনের যাবে, ক্ষমতার সঙ্গে যুক্ত থাকলে দুর্নীতি করলেও কোনো শাস্তি হয় না। এতে দুর্নীতি আরও বেড়ে যাবার আশঙ্কা রয়েছে। অন্যদিকে, বিরোধী রাজনৈতিক নেতারা বলছেন, বর্তমান সরকারের আমলে সরকারি কর্মকর্তারা দুর্নীতি করে সম্পদের পাহাড় গড়ছে তার প্রমাণ বেনজীর আহমেদের সম্পদের ওপর করা এই রিপোর্ট। কিন্তু, দুর্নীতির আসল চিত্র যেন বেরিয়ে না আসে, তার জন্য সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণ জমা দেয়ার (আচরণ) বিধিমালা সংশোধন করছে সরকার।

**টিআইবি**

সংবাদপত্রে সাবেক আইজিপির বেনজীর আহমেদ ও তার পরিবারের সদস্যদের সম্পদের যে খতিয়ান প্রকাশিত হয়েছে, সেটা তার জ্ঞাত আয়ের সঙ্গে খুবই অস্বাভাবিক বলে মনে করছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। ইফতেখারুজ্জামান ভয়েস অফ আমেরিকাকে বলেন, "ক্ষমতার অপব্যবহার করে সম্পদ আহরণ বাংলাদেশে এখন স্বাভাবিক ব্যাপারে পরিণত হয়েছে । এই যে সাবেক আইজিপির বিশাল সম্পদের খতিয়ান প্রকাশিত হয়েছে, তা হতবাক করার বিষয়। "রিপোর্টে সম্পদের যেসব তথ্য প্রকাশিত হয়েছে সেটিকে নির্ভরযোগ্য বলতে হবে।" তাদের কাছে (পত্রিকার) লিখিত প্রমাণ আছে বলেও মনে করেন তিনি। ইফতেখারুজ্জামান এর আগে বলেছিলেন, "আমাদের জানামতে দুদক চাইলে স্বপ্রণোদিত হয়ে যেটুকু তথ্য প্রকাশিত হয়েছে, তা নিয়ে পদক্ষেপ নিতে পারে। অনুসন্ধান ও তদন্ত শুরু করতে পারে। এখন এটা কেন তারা করছে না, তা দুদকে (আপনারও) প্রশ্ন করা উচিত। তারা উত্তর দেবে, আমাদের কাছে অভিযোগ আসলে করব। কিন্তু কেউ অভিযোগ করতে হবে, এমন বাধ্যবাধকতা নাই।"

**সাবেক আইজিপি নূর মোহাম্মদ**

চাকরির আয় দিয়ে এতো সম্পদের মালিক হওয়া একেবারে অসম্ভব বলে মনে করেন পুলিশের সাবেক আইজিপি নূর মোহাম্মদ। ভয়েস অফ আমেরিকাকে তিনি বলেন, "বেনজির আহমেদ অনেক বছর চাকরি করেছে। কিন্তু এখানে সম্পদের যে বিবরণ দেখেছি তাতে যে-কোনো মানুষ দেখলেই মনে হবে- চাকরি করে একজন মানুষ কীভাবে এতো টাকার মালিক হয়? এখানে অন্য কিছু আছে।" "দুর্নীতির বিষয়টি থাকতে পারে। তার যে বেতন সেটা দিয়ে এতো সম্পতি কীভাবে? এটা তো আপনার থাকা-খাওয়ায় চলে যায়। বেতন দিয়ে এই সম্পদ করা একেবারেই অসম্ভব। সেইক্ষেত্রে বাবা কিংবা শশুরের সম্পত্তি থাকা লাগবে"- উল্লেখ করেন সাবেক এই পুলিশ প্রধান। তিনি বলেন, "১ লাখ টাকা বেতন পেলে ঢাকা শহরে চলতে-ফিরতে সমস্যা হয়ে যায় যদি আয়ের অন্য কোনো পন্থা না থাকে। আমি তো ৩০-৩২ বছর চাকরি করেছি। অবসরে যাওয়ার পর ১ থেকে দেড় কোটি টাকা পাওয়া যায়, সেটাও থাকে না। এটা দিয়ে এতো কিছু করা সম্ভব না।" আইনের দৃষ্টিতে দুদক, তদন্তকারী সংস্থা যদি মনে করে বেনজির আহমদের সম্পদে নিয়ে বড় রকমের অসঙ্গিত আছে, তাদের উচিত তদন্ত করা। তাদের অবস্থান থেকে দুদক ব্যবস্থা নিতে পারে বলেও উল্লেখ করেন সাবেক আইজিপি নূর মোহাম্মদ।

**মির্জা ফখরুল**

দুদক এখন পরিপূর্ণভাবে সরকারের ক্রীড়নকে পরিণত হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল। তিনি বলেন, "তারা যে ভাবে চায় সেইভাবে দুদক চলে। আর বেনজীর আহমেদ একজন অত্যন্ত ক্ষমতাধর অফিসার ছিলেন, পরবর্তীতে তিনি বোধহয় আওয়ামী লীগের কোনো একটা দায়িত্বে আছেন। (ফ্যাক্ট চেক --এমন কোনো তথ্য পাওয়া যায়নি) ফলে, আওয়ামী লীগের উচ্চতর মহল থেকে দুদক যদি কোনো নির্দেশ না পায়, তাহলে তো তারা অনুসন্ধান করবে না। এখন পর্যন্ত তো সেটাই প্রমাণিত হয়ে আসছে।" বেনজির আহমদের অস্বাভাবিক সম্পদ অর্জনের যে চিত্র প্রকাশিত হয়েছে তা বর্তমান সরকারের আমলে 'স্বাভাবিক অবস্থা' বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি ভয়েস অফ আমেরিকাকে বলেন, "এখানে যে হারে দুর্নীতি চলছে, দুর্নীতির পাহাড় গড়ে উঠছে, সরকারি কর্মকর্তা, আমলা সবাই মিলে। এটাই প্রমাণিত হয়েছে এই নিউজটা থেকে। এটা নিঃসন্দেহে বেদনার বিষয়।" পুলিশ কর্মকর্তা ও অন্যান্য সরকারির কর্মকর্তারা অনেকে এই রকম দুর্নীতির সঙ্গে জড়িত আছেন এবং দুর্বৃত্তায়ন করছে, এটাও প্রমাণিত হয়েছে বলে মন্তব্য করেন বিএনপির মহাসচিব। তিনি বলেন, "এই কথাগুলো আমরা বারবার করে বলছি যে, বাংলাদেশে অনত্যম প্রধান সমস্যা হচ্ছে দুর্নীতি। সেই দুর্নীতিতে সরকারের লোকেরা জড়িত, এটাই বড় সমস্যা।"

**কুৎসার কিসসা আভি ভি বাকি হ্যায়: বেনজীর**

বেনজীর আহমেদের বিরুদ্ধে যে অস্বাভাবিক সম্পদ অর্জনের অভিযোগ উঠেছে, এই নিয়ে তার বক্তব্য জানতে একাধিকবার ফোন করেও তিনি ধরেন নাই। কথা বলার বিষয়বস্তু উল্লেখ করে মোবাইলে মেসেজ পাঠালেও তার পক্ষ থেকে সাড়া মেলেনি। তবে এই নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে একটি স্ট্যাট্যাস দিয়েছেন বেনজীর আহমেদ। সেখানে তিনি লিখেছেন, 'দু-একজন অনেক ক্ষিপ্ত, খুবই উত্তেজিত হয়ে এক্ষুনি

সম্পাদকীয়, উপ-সম্পাদকীয়, প্রবন্ধ লিখে ফেলছেন। দয়া করে সামান্য ধৈর্য্য ধরুন। ঘোষণাই তো আছে ''কুৎসার কিসসা আভি ভি বাকি হ্যায়।"

**যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞা, র‍্যাব ও বেনজীর আহমদ**

২০২১ সালের ১০ই ডিসেম্বর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে র‍্যাবের সাবেক ও বর্তমান সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। দেশটির ট্রেজারি ডিপার্টমেন্ট ও পররাষ্ট্র দপ্তর পৃথকভাবে এই নিষেধাজ্ঞা দেয়। এই কর্মকর্তাদের মধ্যে র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের সাবেক আইজি বেনজীর আহমেদ, র‍্যাবের সাবেক মহাপরিচালক ও বাংলাদেশ পুলিশের বর্তমান আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) খান মোহাম্মদ আজাদ, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) তোফায়েল মোস্তাফা সরোয়ার, সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. জাহাঙ্গীর আলম ও সাবেক অতিরিক্ত মহাপরিচালক (অপারেশনস) মো. আনোয়ার লতিফ খানের ওপর নিষেধাজ্ঞা দিয়েছে যুক্তরাষ্ট্রের ট্রেজারি ডিপার্টমেন্ট। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর পৃথক এক ঘোষণায় বেনজীর আহমেদ এবং র‍্যাব ৭–এর সাবেক অধিনায়ক মিফতাহ উদ্দীন আহমেদের ওপর নিষেধাজ্ঞা দেয়। যুক্তরাষ্ট্রের ট্রেজারি বিভাগের প্রকাশিত বিবৃতিতে বলা হয়েছে, বাংলাদেশে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), মাদক দ্রব্যের বিরুদ্ধে সরকারের লড়াইয়ে গুরুতর মানবাধিকার লঙ্ঘনের জন্য অভিযুক্ত। এতে বলা হয়েছে যে, তারা আইনের শাসন, মানবাধিকারের মর্যাদা ও মৌলিক স্বাধীনতা এবং বাংলাদেশের জনগণের অর্থনৈতিক সমৃদ্ধিকে ক্ষুণ্ণ করে। এটি যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা স্বার্থের বিরুদ্ধে হুমকি হয়ে দাঁড়িয়েছে। র‍্যাব হচ্ছে ২০০৪ সালে গঠিত একটি সম্মিলিত টাস্ক ফোর্স। তাদের কাজের মধ্যে রয়েছে অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করা, অপরাধীদের কর্মকাণ্ড সম্পর্কে গোপন তথ্য সংগ্রহ এবং সরকারের নির্দেশে তদন্ত পরিচালনা করা। বিবৃতিতে আরো বলা হয়, বাংলাদেশের বেসরকারি প্রতিষ্ঠানগুলো বা এনজিওদের অভিযোগ হচ্ছে যে, র‍্যাব ও বাংলাদেশের অন্য আইন প্রয়োগকারী সংস্থা, ২০০৯ সাল থেকে ৬০০ ব্যক্তির গুম হয়ে যাওয়া এবং ২০১৮ সাল থেকে বিচার বহির্ভূত হত্যা ও নির্যাতনের জন্য দায়ী। কোনো কোনো প্রতিবেদনে বলা হয়েছে যে, এই সব ঘটনার শিকার হচ্ছে বিরোধী দলের সদস্য, সাংবাদিক ও মানবাধিকার কর্মীরা। (ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

## কাতারের আমিরকে স্বাগত জানালেন বাংলাদেশের রাষ্ট্রপতি, লাল গালিচা সংবর্ধনা

দুই দিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশের রাজধানী ঢাকায় পৌঁছেছেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সোমবার (২২শে এপ্রিল) বিকালে কাতারের আমির আল থানিকে স্বাগত জানান রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। এ সময় লাল গালিচা সংবর্ধনা দিয়ে তাকে স্বাগত জানানো হয়। বাংলাদেশের রাষ্ট্রপতির আমন্ত্রণে ২ দিনের রাষ্ট্রীয় সফরে বিকাল ৫টায় কাতারের আমির ঢাকা আসেন। বাংলাদেশের রাষ্ট্রপতি ও কাতারের আমির বিমানবন্দরে ফুল বিনিময় করেন এবং সালাম গ্রহণের পর বাংলাদেশ ও কাতারের প্রতিনিধিদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। রাষ্ট্রপতি সাহাবুদ্দিন মঙ্গলবার (২৩শে এপ্রিল) দরবার হলে কাতারের আমিরের সম্মানে আনুষ্ঠানিক মধ্যাহ্নভোজ এবং বঙ্গভবনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবেন। রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে সফররত আমির পরিদর্শন বইয়ে সই করবেন। এর আগে, রবিবার (২১শে এপ্রিল) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানান, বাংলাদেশ ও কাতারের মধ্যে ১১টি সহযোগিতার বিষয়ে ৬টি চুক্তি ও ৫টি সমঝোতা স্মারক সই হবে। এর আগে, রবিবার (২১শে এপ্রিল) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানান, বাংলাদেশ ও কাতারের মধ্যে ১১টি সহযোগিতার বিষয়ে ৬টি চুক্তি ও ৫টি সমঝোতা স্মারক সই হবে। প্রায় ১৯ বছর পর বন্ধুপ্রতীম দেশ কাতার থেকে এমন উচ্চ পর্যায়ের সফর হচ্ছে। এর আগে ২০০৫ সালের এপ্রিলে, কাতারের তৎকালীন আমির শেখ হামাদ বিন খলিফা আল-থানি বাংলাদেশ সফর করেন। মঙ্গলবার সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আমিরকে তার কার্যালয়ে অভ্যর্থনা জানাবেন। তারা প্রধানমন্ত্রীর কার্যালয়ে একান্ত বৈঠক করবেন। পরে একটি যৌথ সংবাদ সম্মেলনে অংশ নেবেন দুই নেতা।

(ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

## ফ্রি ট্রেড এগ্রিমেন্ট: বাংলাদেশকে সমর্থন দেবে কিরগিজস্তান

ইউরেশিয়ান ইকোনমিক কমিশনের সঙ্গে ফ্রি ট্রেড এগ্রিমেন্ট স্বাক্ষর করার বিষয়ে, বাংলাদেশ কিরগিজস্তানের সমর্থন পাবে বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্রবিষয়ক উপমন্ত্রী আভাজবেক আতাখানভ। তিনি এখন তিন দিনের সফরে বাংলাদেশে রয়েছেন। সোমবার (২২শে এপ্রিল) দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন আভাজবেক আতাখানভ। এ সময় তিনি বাংলাদেশের প্রতি তার দেশের সমর্থনের কথা জানান। সাক্ষাৎকালে পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ দুই দেশের মধ্যে প্রথম ফরেন অফিস কনসালটেশনের (এফওসি) সফলভাবে সম্পন্ন হওয়ায় সন্তুষ্টি প্রকাশ করেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধে সাবেক ইউএসএসআর এর অংশ হিসেবে কিরগিজ জনগণের মূল্যবান সমর্থনের কথা স্মরণ করেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। তিনি বলেন, দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধির অনেক সুযোগ রয়েছে। বাংলাদেশ থেকে পোশাক, ওষুধ, পাটজাত পণ্য, গ্রীষ্মমন্ডলীয় ফল,

সিরামিক, আইটি পণ্য ও সেবা আমদানির জন্য কিরগিজস্তানের প্রতি আহবান জানান ড. হাছান মাহমুদ। বৈঠকে, ইউরেশিয়ান ইকোনমিক কমিশনের সাথে ফ্রি ট্রেড এগ্রিমেন্ট স্বাক্ষরে বাংলাদেশকে সমর্থন দান এবং বিভিন্ন আন্তর্জাতিক ফোরামে বাংলাদেশের প্রার্থীদের সমর্থনের জন্য কিরগিজস্তানের পররাষ্ট্র বিষয়ক উপমন্ত্রীর প্রতি অনুরোধ জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী । পাশাপাশি, অবিলম্বে রোহিঙ্গাদের তাদের স্বদেশ মিয়ানমারে প্রত্যাবাসনে ও ফিলিস্তিনের গাজায় যুদ্ধ বন্ধে কিরগিজস্তানের সহায়তা কামনা করেন হাছান মাহমুদ। বৈঠকে, কৃষিখাতসহ বিভিন্ন খাতে বাংলাদেশের সাফল্যের প্রশংসা করেন কিরগিজ উপ-পররাষ্ট্রমন্ত্রী আভাজবেক আতাখানভ। কিরগিজস্তানে প্রায় এক হাজার বাংলাদেশি শিক্ষার্থী অধ্যয়নরত বলে জানান তিনি। আভাজবেক আরো জানান, কিরগিজস্তানের বিপুল বিদ্যুৎ শক্তি আছে ও বছরে প্রায় ২২ থেকে ২৪ টন স্বর্ণ উৎপাদন করছে দেশটি। সেখানে ব্যাপক জনশক্তি নিয়োগের সুযোগ রয়েছে বলে জানান তিনি। কিরগিজস্তান ইউরেশিয়ান ইকোনমিক কমিশনের সঙ্গে ফ্রি ট্রেড এগ্রিমেন্ট স্বাক্ষরে বাংলাদেশকে সমর্থন দেবে বলে উল্লেখ করেন আভাজবেক। আর, জাতিসংঘ ও আন্তর্জাতিক ফোরামগুলোতে বাংলাদেশের সমর্থন প্রত্যাশা করেন তিনি। (ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

## বাংলাদেশের যে কোনো কারখানায় শ্রমিক ইউনিয়ন গঠন করা যাবে, জানালেন আনিসুল হক

এখন থেকে যে-কোনো কারখানায় শ্রমিক ইউনিয়ন গঠন করা যাবে বলে জানিয়েছেন বাংলাদেশের আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আনিসুল হক। সোমবার (২২শে এপ্রিল) সচিবালয়ে, যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি দলের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ কথা জানান তিনি। বৈঠক প্রসঙ্গে জানতে চাইলে আনিসুল হক বলেন, যুক্তরাষ্ট্রের প্রতিনিধিরা মূলত বাংলাদেশের শ্রম আইন, শ্রমিকদের অধিকার এবং তা নিয়ে আমরা কী কাজ করছি, সে বিষয়ে আলোচনা করেছেন। তিনি বলেন, বাংলাদেশে শ্রমিক আইন সংশোধনের বর্তমান পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি দলের সঙ্গে কথা হয়েছে। এছাড়া, ট্রেড ইউনিয়ন গঠনে শ্রমিকদের সম্মতির হার অর্থাৎ ট্রেড ইউনিয়ন গঠন করার জন্য একটি শিল্প ইউনিটের কত শতাংশ শ্রমিক প্রয়োজন, তা জানতে চেয়েছেন প্রতিনিধিরা। আনিসুল হক জানান, “২০১৬ সালের দিকে শ্রমিকদের সম্মতির হার ৩০ শতাংশ ছিল। ২০১৭ সালে যখন আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সম্মেলনে যাই, তখন এই হার ২০ শতাংশে নিয়ে আসার সিদ্ধান্ত নেয়া হয়।”এই হার আরো কমানো হবে; তবে ধীরে ধীরে কমানো হবে। এবার যখন সংশোধনী হয়, তখন প্রথম প্রস্তাব ছিল এটাকে ২০ শতাংশ থেকে ১৫ শতাংশে নিয়ে আসার। তবে, সেখানে একটা শর্ত ছিল; এটা শুধু যেসব কারখানায় তিন হাজার বা তার চেয়ে বেশি শ্রমিক কর্মরত, তাদের জন্য প্রযোজ্য হবে। এখন সেই সীমা উঠিয়ে দেয়া হয়েছে;” আনিসুল হক যোগ করেন। বাংলাদেশের আইনমন্ত্রী জানান, শ্রম আইন নিয়ে সমস্যা দেখা দিলে, রাষ্ট্রপতির কাছ থেকে তা ফেরত আনা হয়। পরে আলোচনা করে সিদ্ধান্ত নেয়া হয়েছে, সকল প্রতিষ্ঠানের জন্য অভিন্ন নিয়ম করা হবে। কোনো ক্যাপ (সীমা) থাকবে না। “বিষয়টি আমরা যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদের জানিয়েছি;” বলেন তিনি। বাংলাদেশের শ্রমিক আইন, অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ এলাকায়ও প্রযোজ্য হবে বলে জানান আইনমন্ত্রী আনিসুল হক। বলেন, “শ্রমিক অধিকার নিয়ে জানতে চেয়েছিলেন প্রতিনিধিরা। এটা চলমান কাজ। শ্রমিকদের অধিকার দিন দিন বাড়বে, কমবে না।” বাংলাদেশের শ্রম আইন ও অধিকারের বিষয়ে শোনার পর যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দল সন্তোষ প্রকাশ করেছে বলে জানান বাংলাদেশের আইনমন্ত্রী। বলেন, “এই আলোচনার পর যুক্তরাষ্ট্রের প্রতিনিধিরা আমাকে বলেছেন, তারা সন্তুষ্ট হয়েছেন। “সবসময় শ্রমিকদের অধিকার আছে। এর থেকে বেশি যাতে শ্রমিকরা পায় এবং অধিকার বাস্তবায়ন করা হবে……তারা যাতে অধিকার ভোগ করতে পারে, সেটা নিশ্চিত করবে সরকার;” বলেন বাংলাদেশের আইনমন্ত্রী।
(ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

## শ্রেথা থাভিসিনের আমন্ত্রণে বুধবার থাইল্যান্ড সফরে যাচ্ছেন শেখ হাসিনা

থাইল্যান্ডের প্রধানমন্ত্রী শ্রেথা থাভিসিনের আমন্ত্রণে, ৬ দিনের সরকারি সফরে বুধবার (২৪শে এপ্রিল) থাইল্যান্ড যাচ্ছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দ্বিপাক্ষিক সম্পর্ক আরো শক্তিশালী করা এই সফরের উদ্দেশ্য বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ। সোমবার (২২শে এপ্রিল) এক সংবাদ সম্মেলনে একথা জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। তিনি জানান, বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনার বিষয়ে লেটার অফ ইনটেন্টসহ বেশ কয়েকটি সহযোগিতা চুক্তি সই হবে এই সফরে। হাছান মাহমুদ আরো জানান, বাংলাদেশ ও থাইল্যান্ড, সরকারি পাসপোর্টধারীদের জন্য ভিসা ছাড় এবং জ্বালানি সহযোগিতার বিষয়ে একটি সমঝোতা স্মারক (এমওইউ) সই করতে পারে। এছাড়া, সম্পর্ক সম্প্রসারণের জন্য পর্যটন খাতে সহযোগিতা এবং শুল্ক সম্পর্কিত পারস্পরিক সহযোগিতা সম্পর্কিত আরো দুটি সমঝোতা স্মারক সই হওয়ার কথা রয়েছে। এক প্রশ্নের জবাবে হাছান মাহমুদ বলেন, “এটি দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় সফর। প্রধানমন্ত্রীর সফরকালে রোহিঙ্গা প্রত্যাবাসনে বাংলাদেশ থাইল্যান্ডের সমর্থন চাইবে। আলোচনা হবে নৌপরিবহন সংযোগ নিয়ে। এছাড়া, বাংলাদেশ থাইল্যান্ডের কাছ থেকে আরো বিনিয়োগ প্রত্যাশা করবে। বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপিত হয় ১৯৭২ সালে। এরপর, এই প্রথম বাংলাদেশ থেকে কোনো শীর্ষ নেতা থাইল্যান্ড সফর করছেন। এই সফর বাংলাদেশ ও থাইল্যান্ড উভয়ের জন্যই

তাৎপর্যপূর্ণ বলে উল্লেখ করেন হাছান মাহমুদ। বলেন, "কারণ এটি দুই বন্ধুত্বপূর্ণ দেশের মধ্যে সহযোগিতার নতুন দ্বার উন্মোচন করবে।" আমন্ত্রী, উপদেষ্টা, সচিব এবং সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে গঠিত একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। অর্থমন্ত্রী এ এইচ মাহমুদ আলী, পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ এবং প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান এফ রহমান, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফরসঙ্গী হিসেবে থাকবেন। শেখ হাসিনাকে ২৬ এপ্রিল আনুষ্ঠানিকভাবে অভ্যর্থনা জানানো হবে এবং তাকে গার্ড অফ অনার প্রদান করা হবে। একই দিনে গভর্নমেন্ট হাউজে প্রধানমন্ত্রী থাভিসিনের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করবেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। সফরকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, থাইল্যান্ডের রাজা ও রানী সঙ্গে রাজকীয় সাক্ষাৎ করবেন। বহুপক্ষীয় কর্মসূচিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার, কমিশন ফর এসকাপ'র ৮০তম অধিবেশনে যোগ দেয়ার কথা রয়েছে। তিনি ২৫ এপ্রিল এসকাপ'র অধিবেশনে ভাষণ দেবেন। একই দিনে জাতিসংঘের আন্ডার সেক্রেটারি জেনারেল এবং এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের (এসকাপ) নির্বাহী সচিব আরমিদা সালসিয়া আলিসজাবানা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। লিভারেজিং ডিজিটাল ইনোভেশন ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট ইন এশিয়া অ্যান্ড দ্য প্যাসিফিক' প্রতিপাদ্যকে সামনে রেখে, কমিশন ফর এসকাপ'র অষ্টম অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে। এতে, এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের রাষ্ট্রনেতা ও মন্ত্রী এবং অন্যান্য মূল স্টেকহোল্ডার যোগ দেবেন। (ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

**প্রধানমন্ত্রী শেখ হাসিনা: 'নিরাপদ বিশ্ব গড়তে অভিযোজন সক্ষমতা বাড়াতে হবে'**

ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও সুন্দর পৃথিবী গড়ে তুলতে, অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার (২২শে এপ্রিল) সকালে রাজধানী ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে, জাতীয় অভিযোজন পরিকল্পনা (ন্যাপ) এক্সপোর উদ্‌বোধনী অনুষ্ঠানে একথা বলেন তিনি। শেখ হাসিনা বলেন, "ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও সুন্দর পৃথিবী গড়ে তোলাই আমাদের লক্ষ্য। এই লক্ষ্য অর্জনের জন্য অভিযোজন সক্ষমতা বৃদ্ধি, সহনশীলতা জোরদার এবং সমন্বিত ঝুঁকি হ্রাসের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এই লক্ষ্য অর্জনের জন্য ছয়টি বিষয় বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী শেখ হাসনিা।বিষয়গুলোর মধ্যে রয়েছে; প্রধান কার্বন নিঃসরণকারী দেশগুলোকে তাদের কার্বন নিঃসরণ কমাতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে, যাতে বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি ১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ থাকে। উন্নত দেশগুলো, বার্ষিক ১০ হাজার কোটি ডলারের জলবায়ু তহবিলের যে প্রতিশ্রুতি দিয়েছে, তা পূরণ করা। অভিযোজন ও প্রশমনের মধ্যে এই তহবিল সমানভাবে বন্টন করা। উন্নত দেশগুলোর পক্ষ থেকে অবশ্যই দক্ষ জ্বালানি সমাধান বের করা এবং উন্নয়নশীল দেশগুলোতে প্রযুক্তি হস্তান্তর নিশ্চিত করা।নবায়নযোগ্য জ্বালানি ব্যবস্থায় রূপান্তর কালে, জড়িত দেশগুলোর উন্নয়ন অগ্রাধিকারগুলো তাদের ক্ষতি এবং লোকসানের ভিত্তিতে বিবেচনায় নেয়া। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা, নদী ভাঙ্গন, বন্যা ও খরার কারণে বাস্তুচ্যুত মানুষের পুনর্বাসনের দায়িত্ব সব দেশের ভাগ করে নেয়া।আর, আগামী প্রজন্মের জন্য একটি টেকসই ভবিষ্যত নিশ্চিত করতে, অর্থনৈতিকভাবে শক্তিশালী দেশগুলোকে অবশ্যই সকল স্টেকহোল্ডারদের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে বিশ্বব্যাপী কাজ করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন শেখ হাসিনা। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ফারহিনা আহমেদ, বাংলাদেশে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী গুয়েন লুইস, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত জাতিসংঘের ফ্রেমওয়ার্ক কনভেনশনের (ইউএনএফসিসিসি) নির্বাহী সচিব সাইমন স্টিল এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী অনুষ্ঠানে বক্তব্য দেন। বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, বিশ্বব্যাপী কার্বন নিঃসরণ প্রণয়নে বাংলাদেশের অবদান শূন্য দশমিক ৪৮ শতাংশের কম হলেও, এর নেতিবাচক প্রভাবের জন্য সবচেয়ে ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিপূর্ণ দেশগুলোর একটি বাংলাদেশ। জলবায়ু পরিবর্তনের এসব বিরূপ প্রভাব আমাদের সম্ভাবনাময় উন্নয়ন ও অর্থনৈতিক সমৃদ্ধির জন্য হুমকি। অব্যাহত বৈশ্বিক উষ্ণতা সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বাড়িয়ে দিচ্ছে;" উল্লেখ করেন শেখ হাসিনা। তিনি বলেন, বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের একটি বড় এলাকা এই শতাব্দীর শেষ নাগাদ ডুবে যাওয়ার ঝুঁকিতে রয়েছে। এলাকাটি দেশের মোট আয়তনের প্রায় ১২-১৭ শতাংশ। "আমরা বৈশ্বিক তাপমাত্রা বৃদ্ধি ১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য উন্নত বিশ্বের প্রতি আহবান জানাচ্ছি;" আরো বলেন তিনি। শেখ হাসিনা উল্লেখ করেন, গ্রিনহাউস গ্যাস নিঃসরণ হ্রাসে ২০১৫ সালে বাংলাদেশ ইনটেন্ডেড ন্যাশনালি ডিটারমাইন্ড কন্ট্রিবিউশন (আইএনডিসি) প্রণয়ন করেছে; আর, এটা হালনাগাদ করে, ২০২১ সালে ইউএনএফসিসিসিতে জমা দিয়েছে। তিনি বলেন, চুক্তি অনুযায়ী বাংলাদেশ নিঃশর্ত ৬ দশমিক ৭৩ শতাংশ এবং শর্তসাপেক্ষে ১৫ দশমিক ১২ গ্রিনহাউস গ্যাস নিঃসরণ হ্রাসের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। বাংলাদেশের প্রধানমন্ত্রী আরো উল্লেখ করেন যে, বাংলাদেশ গ্রিন হাউস গ্যাস নিঃসরণ হ্রাসে জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস করেছে এবং নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধি করেছে। একই সঙ্গে, ২০২৩ সালে মুজিব জলবায়ু সমৃদ্ধি পরিকল্পনা (এমসিপিপি) প্রণয়ন করেছে। এটির লক্ষ্য জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় দুর্বলতা থেকে সমৃদ্ধির দিকে সহনশীলতায় পৌঁছানো। বাংলাদেশ ইতোমধ্যে ২০২২-২০৫০ সালের জন্য জাতীয় অভিযোজন পরিকল্পনা (ন্যাপ)

প্রণয়ন করেছে এবং ২০২২ সালের অক্টোবরে ইউএনএফসিসিসি-তে জমা দিয়েছে। এই পরিকল্পনায় **১১**টি জলবায়ু ঝুঁকিপূর্ণ এলাকার ৮টি খাতে **১১৩**টি অগ্রাধিকার কর্মসূচি চিহ্নিত করা হয়েছে। আগামী ২৭ বছরে, ন্যাপে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে বাংলাদেশের প্রায় ২৩ হাজার কোটি ডলার প্রয়োজন বলে জানান শেখ হাসিনা। তিনি বলেন, "আমি ধনী দেশ ও আন্তর্জাতিক সম্প্রদায়কে সুনির্দিষ্ট তহবিল ও অতিরিক্ত আর্থিক সম্পদ দেয়ার জন্য আহবান জানাচ্ছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, উন্নত দেশগুলো ব্যাপক কার্বন নিঃসরণের মাধ্যমে বৈশ্বিক উষ্ণায়নে অধিক অবদান রাখছে। তাই, জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্ত মানুষকে রক্ষা করা তাদের নৈতিক দায়িত্ব বলে উল্লেখ করেন তিনি।জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের হুমকিতে পড়া বাংলাদেশ ও অন্যান্য দেশ, উন্নয়নশীল দেশে উত্তরণের পরও আর্থিক, বৈজ্ঞানিক ও কারিগরি সহায়তা অব্যাহত রাখতে আন্তর্জাতিক সম্প্রদায় ও ধনী দেশগুলোর প্রতি আহবান জানান বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বলেন, "আসুন আমরা এই গ্রহকে আরো নিবিড়ভাবে রক্ষার জন্য একসঙ্গে কাজ করি। (ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

### অর্থ আত্মসাৎ মামলা: মেজর মান্নানসহ ৭ জনের জামিন বাতিল বিষয়ে হাইকোর্টের রুল

অর্থ আত্মসাতের অভিযোগে দুর্নীতি দমন কমিশনের (দুদক) করা মামলায়, সাবেক সংসদ সদস্য ও বিকল্প ধারা বাংলাদেশের সাবেক মহাসচিব মেজর (অব.) আব্দুল মান্নানসহ ৭ জনকে বিচারিক আদালতের দেয়া জামিন কেন বাতিল করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। তাদের জামিন বাতিল চেয়ে দুদকের করা আবেদনের শুনানি শেষে সোমবার (২২শে এপ্রিল) বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কাজী ইবাদত হোসেনের হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন।আদালতে আবেদনের পক্ষে শুনানিতে অংশ নেন আইনজীবী খুরশীদ আলম খান। রাষ্ট্রপক্ষে ছিলেন, ডেপুটি অ্যাটর্নি জেনারেল এ কে এম আমিন উদ্দিন মানিক।বিচারিক আদালতে জামিন পাওয়া অন্য ব্যক্তিরা হলেন; বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফিন্যান্সিয়াল কোম্পানি লিমিটেডের (বিআইএফসি) সাবেক পরিচালক আ ন ম জাহাঙ্গীর, রইস উদ্দিন, রোকেয়া ফেরদৌস, ডিএমডি ইনামুর রহমান, পরিচালক এ কে এম মহিউদ্দিন আহমেদ ও সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সৈয়দ ফখরে ফয়সল। ২০২২ সালের **১**লা ডিসেম্বর দুদকের উপ-পরিচালক মো. আব্দুল মাজেদ দুদকের সমন্বিত জেলা কার্যালয়ে দুর্নীতি প্রতিরোধ আইন ও মানিলন্ডারিং প্রতিরোধ আইনে **১২** জনের বিরুদ্ধে এ মামলা করেন। তাদের বিরুদ্ধে অভিযোগ, পরস্পর যোগসাজশে মেসার্স টেলিকম সার্ভিস এন্টারপ্রাইজের রাজিয়া সুলতানার নামে বিআইএফসি থেকে মোট ৯ কোটি ৭৭ লাখ ৯৪ হাজার ৮৯২ টাকা ঋণ মঞ্জুর ও বিতরণ দেখিয়ে টাকা স্থানান্তর ও রূপান্তর ঘটিয়ে আত্মসাৎ করেছেন। এ মামলায় গত ৭ই মার্চ মহানগর সিনিয়র স্পেশাল জজ তাদের জামিন দেন। পরে জামিন বাতিল চেয়ে হাইকোর্টে আবেদন করে দুদক।
(ভোয়া ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

### ঢাকায় এসেছেন কাতারের আমির শেখ তামিম আল থানি ঢাকায়

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি দুদিনের সফরে ঢাকায় এসেছেন। আজ (সোমবার) বিকাল ৫টার দিকে একটি বিশেষ ফ্লাইটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান তিনি। এ সময় কাতারের আমিরকে স্বাগত জানান প্রেসিডেন্ট মোঃ সাহাবুদ্দিন। কাতারের আমিরের এ সফরে দুই দেশের মধ্যে ছয়টি চুক্তি এবং পাঁচটি সমঝোতা স্মারক সই হবার কথা রয়েছে। এছাড়া ঢাকায় একটি সড়ক এবং একটি পার্কের নামাকরণ কাতারের আমিরের নামে করা হবে। শেখ হাসিনার চতুর্থ মেয়াদের নতুন সরকার দায়িত্ব গ্রহণের পর মধ্যপ্রাচ্যের এই গুরুত্বপূর্ণ নেতার সফরটি রাজনৈতিকভাবেও খুবই তাৎপর্যপূর্ণ। এদিকে, ঢাকায় কালশি এলাকায় বালুর মাঠে নির্মিতব্য পার্ক এবং ইসিবি চত্বর থেকে কালশি উড়াল সেতু পর্যন্ত সড়কটি কাতারের আমির শেখ তামিম বিন-হামাদ আল থানির নামে নামকরণ করা হবে। ২৩শে এপ্রিল বিকালে কাতারের আমির নিজে উভয় স্থাপনার উদ্‌বোধন করবেন।
(রেডিও তেহরান: ২০৩০ ২২.০৪.২০২৪ এলিনা, গাজী আবদুর রশীদ)

## এনএইচকে

### বৈশ্বিক সামরিক ব্যয় সর্বকালের সর্বোচ্চ: সুইডেনের গবেষণা সংস্থা

সুইডেনের একটি গবেষণা প্রতিষ্ঠান জানিয়েছে যে ২০২৩ সালে বৈশ্বিক সামরিক ব্যয় টানা নবম বছরের মতো বেড়েছে, যা **১**৯৮৮ সালে সংস্থাটি রেকর্ড রাখা শুরুর পর থেকে সর্বকালের সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। স্টকহোম আন্তর্জাতিক শান্তি গবেষণা ইনস্টিটিউট সোমবার প্রকাশিত তাদের বার্ষিক প্রতিবেদনে উল্লেখ করে যে গতবছর সারা বিশ্বে সামরিক ব্যয় ছিল মোট ২.৪৪৩ ট্রিলিয়ন ডলার। এই সংখ্যা এর আগের বছরের তুলনায় ৬.৮ শতাংশ বেশি। যুক্তরাষ্ট্র ৯১৬ বিলিয়ন ডলার নিয়ে ব্যয়কারীদের তালিকার শীর্ষে রয়েছে, যা এর আগের বছরের তুলনায় ২.৩ শতাংশ বেশি। চীন আনুমানিক ২৯৬ বিলিয়ন ডলার ব্যয় করে দ্বিতীয় স্থানে ছিল, যা ৬ শতাংশ বেশি। এর পরের অবস্থানে ছিল রাশিয়া, যারা নিজেদের সামরিক ব্যয় ২৪ শতাংশ বাড়িয়ে আনুমানিক **১**০৯ বিলিয়ন ডলারে উন্নীত করে।প্রতিবেদনে উল্লেখ করা

হয়েছে যে ইউরোপ, এশিয়া ও ওশেনিয়ার পাশাপাশি মধ্যপ্রাচ্যেও সামরিক ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে বেড়েছে। অন্যদিকে, ইউক্রেন ছিল এক্ষেত্রে অষ্টম স্থানে, যাদের সামরিক ব্যয় ৫১ শতাংশ বেড়ে ৬৪.৮ বিলিয়ন ডলারে উন্নীত হয়েছে।এছাড়া, গাজা উপত্যকায় যুদ্ধ চালিয়ে যাওয়ায়, ইসরায়েলের সামরিক ব্যয় ২৪ শতাংশ বেড়ে ২৭.৫ বিলিয়ন ডলারে পৌঁছায়। প্রতিবেদনে আরও উল্লেখ করা হয় যে জাপান এবং তাইওয়ান তাদের নিজ নিজ প্রতিরক্ষা ব্যয় ১১ শতাংশ বাড়িয়েছে। প্রতিবেদনে এও তুলে ধরা হয় যে দেশগুলো চীনের ক্রমবর্ধমান হুমকির মুখোমুখি হচ্ছে বলে আগামী বছরগুলোতে এই প্রবণতা আরও ত্বরান্বিত হবে বলে ধারণা করা হচ্ছে। গবেষণা ইনস্টিটিউটটির ভাষ্যানুযায়ী, "সামরিক ব্যয়ের এই অভূতপূর্ব বৃদ্ধি বিশ্বব্যাপী শান্তি ও নিরাপত্তা পরিস্থিতির অবনতির সরাসরি প্রতিক্রিয়া। (এনএইচকে: ওয়েব পেজ: ২২.০৪.২০২৪ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### কাতারের আমিরের সফরে কী পেতে পারে বাংলাদেশ

সোমবার বিকালে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি দুই দিনের সফরে ঢাকায় এসেছেন। প্রায় দুই দশক পর কাতারের কোনো রাষ্ট্রপ্রধান বাংলাদেশ সফরে এলেন। এই সফরটিকে ব্যবসা-বাণিজ্য, জনশক্তি রপ্তানি এবং মধ্যপ্রাচ্যের কূটনীতিতে বাংলাদেশের অবস্থানের জন্য খুবই গুরুত্বপূর্ণ মনে করা হচ্ছে। বিশেষ করে মধ্যপ্রাচ্যের দেশগুলোর মধ্যে  কাতার এখন মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করায় এই গুরুত্ব আরো বাড়িয়েছে। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ জানিয়েছেন, এই সফরে বাংলাদেশের সঙ্গে কাতারের ১১টি চুক্তি এবং সমঝোতা স্মারক সই হতে পারে। এরমধ্যে মধ্যে ব্যবসা ও বিনিয়োগ বৃদ্ধি, বন্দিবিনিময়, দ্বৈত কর প্রত্যাহার ও শুল্ক বিষয়ে পারস্পরিক সহযোগিতা-এই চুক্তিগুলো চূড়ান্ত আছে। এর বাইরে বাংলাদেশ থেকে কাতারে জনশক্তি রপ্তানি, ধর্মীয় বিষয়ে সহযোগিতা, বন্দর ব্যবস্থাপনায় কাতারের প্রতিষ্ঠান মাওয়ানির সংযুক্তি, উচ্চশিক্ষায় সহযোগিতা ও কূটনীতিকদের প্রশিক্ষণের বিষয়ে সমঝোতা স্মারক সই হতে পারে। জ্বালানি নিরাপত্তার জন্যও এই সফরকে বাংলাদেশ খুবই গুরুত্ব দিচ্ছে। বিশেষ করে মধ্যপ্রাচ্যে এখন হামাস-ইসরায়েল এবং ইসরাইল-ইরান যে সংকট চলছে তার প্রেক্ষাপটে এটা খুবই গুরুত্বপূর্ণ। পররাষ্ট্রমন্ত্রী বলেছেন,"আমাদের দেশে এনার্জির মজুত আরো বাড়ানোর ক্ষেত্রে এবং এনার্জি সিকিউরিটি নিশ্চিত করার ক্ষেত্রে আমি মনে করি এই সফর অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।" জানা গেছে, বাংলাদেশ এক বছরের বিলম্বিত পেমেন্টে কাতার থেকে জ্বালানি নিতে চায়। বাংলাদেশে এলএনজির জন্য বলতে গেলে পুরোপুরি কাতারের ওপর নির্ভরশীল।

পররাষ্ট্রমন্ত্রী আরো বলেছেন,"বাংলাদেশ ও কাতারের মধ্যে বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্ক অত্যন্ত গভীর, বন্ধুত্বপূর্ণ ও বহুমুখী। কাতার বাংলাদেশকে স্বীকৃতিদানকারী অন্যতম মুসলিম রাষ্ট্র। এ ছাড়া কাতার মধ্যপ্রাচ্যে বাংলাদেশের অন্যতম শ্রমবাজার, যেখানে প্রায় চার লাখ বাংলাদেশি কর্মরত।" সাবেক রাষ্ট্রদূত মেজর জেনারেল (অব.) মো. শহীদুল হক মনে করেন,"মধ্যপ্রাচ্যের যা পরিস্থিতি তাতে এই সফরে বাংলাদেশের জ্বালানি নিরাপত্তায় সবচয়ে বেশি গুরুত্ব দেয়া উচিত। বাংলাদেশ এলএনজির জন্য বলতে গেলে পুরোপুরি কাতারের ওপর নির্ভরশীল। বাংলাদেশ যদি এখন লং টার্ম পারচেজ এগ্রিমেন্টে যেতে পারে তাহলে সস্তা দামে এলএনজি পাবে। আর জ্বালানি নিরাপত্তাও নিশ্চিত হবে। আর এখন যে স্পট মার্কেট থেকে কেনা হচ্ছে যার দাম বেশি পড়ছে। বাংলাদেশের পাওয়ার প্ল্যান্টগুলোর একটি অংশ এখন এলএনজিতে চলছে। তাই এর সাপ্লাই নিশ্চিত হলে আমাদের বিদ্যুতের ক্ষেত্রে একটা ভালো অবস্থা তৈরি হবে।" আর সাবেক পররাষ্ট্র সচিব মো. তৌহিদ হোসেন বলেন,"অনেক বছর পর কাতারের কোনো আমির বাংলাদেশ সফর করছেন এই কারণেই এটা বেশ গুরুত্বপূর্ণ। এলএনজি আমদানি ছাড়াও কাতারে আমাদের এখানকার অনেক লোক কাজ করেন। সেইজন্য আমাদের সম্পর্ক ভালো থাকা দরকার। সরকার চেষ্টা করছে কাতার থেকে এক বছরের বিলম্বিত পেমেন্টে এলএনজি আনতে। এটা হওয়া অনেক কঠিন। তবে যদি পারে তাহলে অনেক ভালো হবে। এছাড়া যেসব চুক্তি বা এমওইউ হবে সেগুলো দৃশ্যমান সম্পর্কের জন্য ভালো।"

বাংলাদেশ ব্যাংকের হিসাবে কাতার বাংলাদেশে প্রবাসী আয়ের ক্ষেত্রে নবম অবস্থানে আছে। চলতি অর্থ বছরের (২০২৩-২৪) প্রথম ৯ মাসে প্রবাসীরা ওই দেশ থেকে রেমিট্যান্স পাঠিয়েছেন ৮৩৮.২২ মিলিয়ন ডলার। মধ্যপ্রাচ্যের দেশগুলোর মধ্যে কাতারের অবস্থান সপ্তম। ২০০১ সাল থেকে কাতারে জনশক্তি রপ্তানি ব্যাপকভাবে কমে গিয়ে ২০১৫-১৬ সালে আবার ভালো অবস্থানে চলে আসে। এরপরের চার বছর আবার কমে যায়। ২০২০ সাল পর্যন্ত এই খারাপ অবস্থা চলতে থাকলেও কাতারে বিশ্বকাপ ফুটবলের আসরকে কেন্দ্র করে ২০২১ সাল থেকে আবার বাড়তে থাকে। ২০২৩ সালে বাংলাদেশ থেকে ৫৬ হাজারেরও বেশি জনশক্তি  কাতারে গিয়েছে । তবে কাতারে শ্রমিকদের কাজের পরিবেশ ও বাংলাদেশি কর্মীদের অধিকার নিয়ে প্রশ্ন আছে। বিশ্বকাপ আয়োজনের গৌরব অর্জনের পর থেকে কাতারে প্রতি সপ্তাহে গড়ে বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল ও শ্রীলঙ্কার ১২ জনের মৃত্যু হয়েছে। ২০১১ থেকে ২০২০ পর্যন্ত পাঁচ হাজার ৯২৭ জন প্রবাসী শ্রমিকের মৃত্যু হয়েছে। এর মধ্যে বাংলাদেশি শ্রমিকের সংখ্যা এক হাজার ১৮ জন। এই তথ্য দ্য গার্ডিয়ানের। তাই কাতারের আমিরের বাংলাদেশ সফরের এই সময়ে হিউম্যান রাইটস ওয়াচ(এইচআরডব্লিউ)

কাতারে অভিবাসী শ্রমিকদের সুরক্ষার বিষয়টি সামনে নিয়ে এসেছে। এইচআরডব্লিউর মধ্যপ্রাচ্য ও উত্তর আফ্রিকার উপ প্রধান মাইকেল পেজ বলেন,"কূটনৈতিক শুভেচ্ছার চেয়ে এই সফরে কাতারে প্রবাসী কর্মীদের সুরক্ষা এবং হয়রানি বন্ধে পদক্ষেপের ব্যাপারে কার্যকর আলোচনা দরকার। আর এই সফর থেকে ফিরে কাতারের আমিরের উচিত হবে প্রবাসী কর্মীরা যেখানে চিকিৎসা নেয় সেই কেন্দ্রগুলো পরিদর্শন এবং পর্যাপ্ত নিরাপত্তার অভাবে যে শ্রমিকেরা মারা গেছেন তাদের পরিবারের সঙ্গে কথা বলা ।" এইচআরডব্লিউ বলছে,"কাতারের মোট জনসংখ্যার ৮৮ ভাগই অভিবাসী কর্মী। তাই তাদের সুরক্ষার বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব পাওয়া উচিত।" মো. তৌহিদ হোসেন বলেন,"কাতারে অন্যদেশের কর্মীদের চেয়ে বাংলাদেশের কর্মীরা কম মজুরি পান। এর কারণ হলো তারা কোনো ব্যক্তির অধীনে ওই দেশে যান। যে ব্যক্তি তাদের নিয়োগকর্তা তিনি তাদের আয়ের একটি অংশ রেখে দেন। সরকারের উচিত হবে এই বিষয়গুলো নিয়ে কতারের সাথে কথা বলা। যাতে আমাদের শ্রমিকেরা না ঠকেন।"
শ্রমিকদের প্রসঙ্গে বলেন, মো. শহীদুল হক বলেন, "আর সেখানে এখন দক্ষ শ্রমিকের চাহিদা। আমাদের উচিত হবে দক্ষ শ্রমিক সেখানে পাঠানো। যারা সেখানো বাংলাদেশ থেকে যান তারা ঝুঁকিপূর্ণ কাজ করেন। কাতার গড়ে তুলেছে বাইরের শ্রমিকেরা। এখন আমাদের উচিত দক্ষ শ্রমিক পাঠিয়ে তাদের পরবর্তী উন্নয়নে অংশীদার হওয়া। এবারের সফরে সেই দিকে নজর দেয়া প্রয়োজন" বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজের (বায়রা) মহাসচিব আলী হায়দার চৌধুরী বলেন,"কাতারে লোক পাঠানোর প্রক্রিয়াটা বেশ জটিল। ফলে সেখানে ধীর গতিতে বাংলাদেশের কর্মীরা যাচ্ছেন। এই প্রক্রিয়াটা সহজ করলে সেখানে কর্মী যাওয়া বাড়বে। সেখানে সার্ভিস সেক্টরে কর্মীদের চাহিদা বাড়ছে। সরকার সহযোগিতা করলে আমরা এখন সেই সেক্টরগুলো ধরতে পারি," বলেন বায়রা মহাসচিব। কূটনীতিবিদেরা বলছেন, ২০১৭ সালে আরব লিগ, বিশেষ করে সৌদি আরবের ভূমিকায় মধ্যপ্রাচ্য ও আরব দেশগুলোর সঙ্গে কাতারের সম্পর্কের চরম অবনতি ঘটেছিল। ওই সময় কাতারের বিপক্ষে অবস্থান নিতে বাংলাদেশের ওপর সৌদি আরবের প্রবল চাপ ছিল। তারপরেও বাংলাদেশ নিরপেক্ষ অবস্থান নিয়েছিল। তাই দেশটি বাংলাদেশের ওপর সন্তুষ্ট। আর এখন মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক পরিস্থিতিতে কাতার সবচেয়ে বড় প্লেয়ার। মো. শহীদুল হক মনে করেন," এটা বাংলাদেশের জন্য একটা সুবিধা। কাতারের সঙ্গে বাংলাদেশের সুসম্পর্ক বাংলাদেশকে মধ্যপ্রাচ্য থেকে নানা সুবিধা নিতে সহায়তা করতে পারে।" এর আগে ২০০৫ সালে কাতারের তৎকালীন আমির হামাদ বিন খলিফা আল থানি বাংলাদেশে এসেছিলেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ:২২.০৪.২০২৪ রিহাব)

# রেডিও টুডে

## বুধবার থাইল্যান্ড যাবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৬ দিনের সফরে বুধবার থাইল্যান্ড যাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রীর থাইল্যান্ড সফরে রোহিঙ্গা প্রত্যাবাসনের সহযোগিতা চাইবে বাংলাদেশ বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ। সোমবার দুপুরে মন্ত্রণালয়ে প্রধানমন্ত্রী থাইল্যান্ড সফর নিয়ে সাংবাদিকদের সঙ্গে ব্রিফিংয়ে এই তথ্য জানান তিনি। এ সময় মন্ত্রী জানান, থাইল্যান্ড আসিয়ানের পর্যবেক্ষক দেশ হওয়ায় এই সহযোগিতা চাইবেন প্রধানমন্ত্রী। সফরে একটি চুক্তি, তিনটি সমঝোতা স্মারক ও একটি ডকুমেন্ট সই হওয়ার কথা রয়েছে। এছাড়া সফরে পর্যটন খাতে বিনিয়োগসহ সহযোগিতা বাড়ানোর বিষয়ে আলোচনা হতে পারে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২২.০৪.২০২৪ এলিনা)

## চলতি এপ্রিল মাসের বাকি সময়টা তাপপ্রবাহ থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর

রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে আজ সোমবার তাপমাত্রা খানিকটা কমেছে। তবে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে আগামীকাল থেকে তাপমাত্রা আবার বাড়তে পারে। চলতি এপ্রিল মাসের বাকি সময়টা তাপপ্রবাহ থাকতে পারে। তবে অতি তীব্র তাপপ্রবাহ আর না হওয়ার সম্ভাবনা রয়েছে। দেশের কোথাও কোথাও আগামী ২৪ ঘণ্টায় বৃষ্টির সম্ভাবনা থাকলেও পুরো দেশে বৃষ্টির সম্ভাবনা অবশ্য আগামী এক সপ্তাহে নেই। আজ দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে যশোর ও চুয়াডাঙ্গায় ৪০.৬ ডিগ্রি সেলসিয়াস। গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গায় ৪২.২ ডিগ্রি সেলসিয়াস। (রেডিও টুডে:২১৪৫ ঘ. ২২.০৪.২০২৪ এলিনা)

## জলবায়ু পরিবর্তনের ক্ষতি মোকাবেলায় বিশ্বের সামনে ছয় দফা তুলে ধরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও সুন্দর পৃথিবী গড়তে জলবায়ু অভিযোজন সক্ষমতা বৃদ্ধি ও সহিষ্ণুতা শক্তিশালী করণ এবং ঝুঁকির হ্রাসে সমন্বিতভাবে উদ্যোগ গ্রহণে বিশ্বের সামনে ছয় দফা সুপারিশ তুলে ধরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ন্যাশনাল এডাপটেশন প্লান এক্সপো-২০২৪ এর উদ্‌বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। এ সময় তিনি বার্ষিক শত বিলিয়ন ডলারের প্রতিশ্রুত অর্থ উন্নত দেশগুলোকে জলবায়ু তহবিলে জমা দেয়ার আহ্বান পুনর্ব্যক্ত করেন। শেখ হাসিনা বলেন, সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা বৃদ্ধি, নদী ভাঙ্গন, বন্যা এবং খরার কারণে বাস্তুচ্যুত মানুষদের পুনর্বাসনের দায়িত্ব সকল দেশকে ভাগ করে

নিতে হবে। এ সময় প্রধান অর্থনৈতিক ক্ষেত্রগুলোতে টেকসই ভবিষ্যৎ নিশ্চিতে অংশীদারিত্বের ভিত্তিতে বিশ্বব্যাপী সকল অংশীদারীদের সাথে কাজ করার আহ্বান জানান প্রধানমন্ত্রী। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## ২৭শে এপ্রিল থেকে কোন বাসা-বাড়িতে এডিস মশার লার্ভা পাওয়া গেলে জেল-জরিমানা : মেয়র

আগামী ২৭ই এপ্রিল থেকে কারোর বাড়িতে এডিস মশার লার্ভা পাওয়া গেলে জেল জরিমান করা হবে। সরকারি অফিসসহ সিটি কর্পোরেশনের কোনো অফিসে লার্ভা পাওয়া গেলে সেখানেও আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আতিকুল ইসলাম। সোমবার সকালে মিরপুরের রূপনগর আবাসিক এলাকায় ডেঙ্গু প্রতিরোধে ডিএনসিসির জনসচেতনামূলক প্রচার অভিযান উদ্‌বোধন শেষে এসব কথা বলেন তিনি। এসময় ৭২টি ওয়ার্ডে ক্যাম্পেইনের পাশাপাশি ৫৪টি ওয়ার্ডে আজ থেকে অভিযান পরিচালনা করার কথা জানান উত্তরের মেয়র। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## ওবায়দুল কাদের কোথায় মুক্তিযুদ্ধ করেছেন আমরা তা জানতে চাই : ফারুক

অগণতান্ত্রিক সরকারকে ভারত কেন সহযোগিতা করছে দেশটির প্রতি এমন প্রশ্ন রেখেছেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা জয়নুল আবেদিন ফারুক। তিনি বলেছেন, বিএনপি চায় ভারত যেন বাংলাদেশকে আগ্রাসন থেকে মুক্তি দেয়। এ সময় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের কোথায় মুক্তিযোদ্ধা করেছেন তাও জানতে চান তিনি। সোমবার জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধনে তিনি এ কথা বলেন। ফারুক বলেন, জিয়াউর রহমানের ঘোষণায় মুক্তিযুদ্ধের সূচনা হয়। যতই তালবাহানা করেন, প্রতিবেশী দেশের উপর ভর করেন, শেষ রক্ষা হবে না। এ সময় তিনি আরো অভিযোগ করেন মানুষের পকেট কাটা উদ্‌যাপন করছে সরকারি দল।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা ১১ মামলার শুনানির দিন পিছিয়েছেন আদালত

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে দায়ের করা ১১টি মামলার শুনানির দিনক্ষণ পিছিয়ে ২৯শে জুলাই ধার্য করা হয়েছে। সোমবার মামলাগুলোর উপর শুনানি হওয়ার কথা থাকলেও অসুস্থতা জনিত কারণে খালেদা জিয়া আদালতে উপস্থিত হতে না পারায় সময়সীমা বৃদ্ধি করার আবেদন করেন তার আইনজীবী। এরই পরিপেক্ষিতে শুনানির জন্য নতুন দিন ধার্য করেন ঢাকা মহানগর দায়রা জজ আদালতের বিচারক। ১১ মামলার মধ্যে রাজধানীর দারুস সালাম থানায় নাশকতার আটটি, যাত্রাবাড়ী থানায় দুটি ও রাষ্ট্রদ্রোহের একটি মামলা রয়েছে। এর মধ্যে যাত্রাবাড়ী থানার একটি হত্যা মামলা চার্জশিট গ্রহণের বিষয়ে শুনানির জন্য রয়েছে। অপর ১০ মামলা ছিল চার্জ শুনানির জন্য।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## ব্রাহ্মণবাড়িয়ার কসবা সীমান্তে বিএসএফের গুলিতে এক বাংলাদেশি যুবক নিহত

ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার পুটিয়া সীমান্তে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী বিএসএফের গুলিতে হাসান মিয়া নামের এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন। সোমবার সকাল সাড়ে নয়টার দিকে উপজেলার বাইক ইউনিয়নের পুটিয়া সীমান্তবর্তী এলাকায় এই ঘটনা ঘটে বলে নিশ্চিত করেছেন কসবা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা রাজু আহমেদ। নিহতের স্বজনরা জানার সকালে বন্ধুদের নিয়ে পুটিয়া সীমান্তের জিরো পয়েন্ট এলাকায় ঘুরতে যান হাসান। এ সময় তাদেরকে দেখে বিএসএফ গুলি চালালে ঘটনাস্থলেই হাসান গুলিবিদ্ধ হয়ে মারা যান।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## সিরাজগঞ্জের শাহজাদপুরে বাস দুর্ঘটনায় এক যাত্রী নিহত

সিরাজগঞ্জের শাহজাদপুরে নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে থাকা গাছের সঙ্গে ধাক্কা খেয়ে একটি যাত্রীবাহী বাসের ছাদ উড়ে গিয়ে এক যাত্রী নিহত ও আরো সাত জন আহত হয়েছেন। সোমবার সকাল সাড়ে ছয়টার দিকে শাহজাদপুরের বগুড়া-নগরবাড়ী মহাসড়কের তেতিয়ার কান্দি এলাকায় এই দুর্ঘটনা ঘটে। হাটিকুমরুল হাইওয়ে থানার পরিদর্শক মো. মনিরুল ইসলাম এই তথ্য নিশ্চিত করেছেন। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## আবারো ৭২ ঘণ্টার হিট এলার্ট জারি করেছে আবহাওয়া অফিস

নতুন করে আরো ৭২ ঘণ্টার তাপদাহের সর্তকতা হিট এলার্ট জারি করেছে আবহাওয়া অফিস। আজ সোমবার সাড়ে ৯ টায় আবহাওয়াবিদ মো. বজলুর রশিদ স্বাক্ষরিত এক সতর্কবার্তায় সারাদেশে নতুন করে আরো ৭২ ঘণ্টার তাপদাহের সতর্কতা জারি করা হয়। সতর্কবার্তায় বলা হয়েছে, দেশের উপর দিয়ে চলমান তাপদাহ আজ ২২শে এপ্রিল থেকে পরবর্তী ৭২ ঘণ্টা অর্থাৎ ২৫শে এপ্রিল সকাল পর্যন্ত অব্যাহত থাকতে পারে। দেশের আকাশে কিছুটা মেঘ থাকায় গরমের তীব্রতা কিছু কমলেও আগামীকাল থেকে আবারো বাড়বে তাপ দাহ। এর আগে গত শুক্রবার থেকে প্রথম ধাপে ৭২ ঘণ্টার তাপদাহের সতর্কতা জারি করে আবহাওয়া অফিস। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## দুদিনের সফরে ঢাকায় এসেছেন কাতারের আমির

দুদিনের সফরে ঢাকা এসছেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি। সোমবার বিকেল পাঁচটায় তিনি ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছান। এ সময় বিমানবন্দরের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন কাতারের আমিরকে অভ্যর্থনা জানান। এছাড়া বিমানবন্দরে শেখ তামিম বিন হামাদ আল থানিকে লাল গালিচা সংবর্ধনা ও গার্ড অফ অনার দেয়া হয়। তার এই সফরকালে ছয় চুক্তি ও পাঁচ সমঝোতা স্মারক সইয়ের সম্ভাবনা রয়েছে বলে জানা গেছে। তিনি ২২ ও ২৩শে এপ্রিল বাংলাদেশ অবস্থান করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২৪ সালে জানুয়ারিতে সরকার গঠনের পর মধ্যপ্রাচ্যের কোনো দেশ থেকে এটি প্রথম উচ্চপর্যায়ে রাষ্ট্রীয় সফর। সফর সঙ্গীদের নিয়ে লা মেরিডিয়ান হোটেলে থাকবেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## সাবেক আইজিপি বেনজির আহমেদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ওঠায় অনুসন্ধান করবে দুদক

সাবেক পুলিশ মহাপরিদর্শক বেনজির আহমেদ ও তার পরিবারের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধান করবে দুদক। এ ঘটনায় কমিটি গঠন করা হয়েছে। এর আগে বেনজির আহমেদের বিরুদ্ধে ওঠা অভিযোগ অনুসন্ধানে দুর্নীতি দমন কমিশনে চিঠি দেন ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন। চিঠিতে বলা হয় বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজির আহমেদ ৩৪ বছর ৭ মাস চাকরি করে গত ৩০শে সেপ্টেম্বর ২০২২ সালে অবসরে যান। অবসর গ্রহণের পর দেখা যায় বেনজির আহমেদের স্ত্রী ও কন্যার নামে বিপুল পরিমাণে সম্পত্তি রয়েছে যা তার আয়ের তুলনায় অসমঞ্জস্য। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## তীব্র তাপপ্রবাহ সামাল দিতে দেশের সকল হাসপাতালকে প্রস্তুত রাখার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী

চলমান তীব্র তাপপ্রবাহে রোগীদের চাপ সামাল দিতে ঢাকাসহ দেশের প্রতিটি হাসপাতালকে প্রস্তুত থাকার নির্দেশ দিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। একই সঙ্গে এই মুহূর্তে দেশের প্রতিটি হাসপাতালে জরুরী না হলে রোগী ভর্তি বা অস্ত্রপাচার থেকে বিরত থাকতে নির্দেশ দিয়েছে স্বাস্থ্যমন্ত্রী। সোমবার রাজধানীর শেখ হাসিনা বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। এ সময় স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রয়োজনীয় ওষুধ খাবার স্যালাইনসহ এই তীব্র গরমে প্রতিটি হাসপাতালে রোগীদের ফ্যান নিশ্চিত করতে বলা হয়েছে। পাশাপাশি মেডিকেলের শিক্ষার্থীদের ক্লাসগুলো হাসপাতালে না করে নির্দিষ্ট রুমে করতে বলা হয়েছে। রোগী বৃদ্ধি পেলে মহাখালীর ডিএনসিসি কোভিড ডেডিকেটেড হাসপাতালকেও প্রস্তুত রাখতে বলা হয়েছে বলে জানান স্বাস্থ্যমন্ত্রী।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুইমিংপুলে গোসল করতে নেমে এক শিক্ষার্থীর মৃত্যু

বন্ধুদের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষাকেন্দ্রের সুইমিং পুলে সাঁতার কাটতে গিয়ে পানিতে ডুবে এক শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। তার নাম সোহাদ হক। বয়স ১৯ বছর। তিনি দর্শন বিভাগের প্রথম বর্ষের শিক্ষার্থী ছিলেন। তার গ্রামের বাড়ি বগুড়ায়, থাকতেন বিশ্ববিদ্যালয়ের হাজি মুহাম্মদ মুহসীন হলে। সোমবার দুপুর দেড়টার দিকে সহপাঠীরা তাকে অচেতন অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিলে চিকিৎসক বেলা ২টার দিকে তাকে মৃত ঘোষণা করেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক মো. মাকসুদুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেছেন আমাদের শিক্ষার্থী সোহাদ আর নেই। সোহাদের বন্ধু ভাষা বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মোহাম্মদ পারভেজ বলেন, আমরা কয়েকজন বন্ধু মিলে সুইমিং পুলে সাঁতার কাটতেছিলাম। সাঁতারের একপর্যায়ে ও মাঝখানে চলে যায়। সেখানে ডুবে গেলে আমরা তাকে টেনে তুলে আনি এবং পেটে চাপ দিলে কিছুটা পানি বের হয়ে আসে। তিনি বলেন, পানি বের হওয়ার পর সঙ্গে সঙ্গে তাকে রিকশায় করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিছুক্ষণ পরে ডাক্তার তাকে মৃত ঘোষণা করেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২২.০৪.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## মহাসড়ক পার হতে গিয়ে বাসচাপায় প্রাণ গেলো তিন পথচারীর

ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক পার হওয়ার সময় কুমিল্লার দাউদকান্দিতে একুশে পরিবহন নামের একটি বাসের চাপায় তিন পথচারী নিহত হয়েছেন। সোমবার (২২শে এপ্রিল) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে উপজেলার রায়পুর মালিখিল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। দাউদকান্দি হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহীনুল আলম জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন। তবে তাৎক্ষণিকভাবে নিহতদের নাম-পরিচয় জানাতে পারেননি তিনি। স্থানীয়দের বরাতে ওসি জানান, সন্ধ্যা সাড়ে ৭টার দিকে মহাসড়ক পার হচ্ছিলেন তিনজন পথচারী। এসময় নোয়াখালী থেকে ঢাকামুখী একুশে পরিবহনের দ্রুতগামী একটি বাস তাদের চাপা দিলে ঘটনাস্থলেই তারা মারা যান। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসা হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## ছাত্রদল কর্মী হত্যায় সাবেক ইউপি চেয়ারম্যানসহ ১৪ জনের যাবজ্জীবন

কুমিল্লার আদর্শ সদরে ছাত্রদল কর্মী পারভেজ হত্যা মামলায় সাবেক ইউপি চেয়ারম্যানসহ ১৪ আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত। সোমবার (২২ এপ্রিল) অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক নাসরিন জাহান এ রায় দেন। দণ্ডপ্রাপ্তরা হলেন, আদর্শ সদর উপজেলার ধনুয়াখালী এলাকার অমৃত হাজী মো. আব্দুর রহমানের ছেলে কালির বাজার ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মো. সেকান্দর আলী (৬৪), একই এলাকার আব্দুল লতিফের ছেলে মো. শাহীন (৩৯), সৈয়দপুর এলাকার আব্দুস সাত্তারের ছেলে মো. সাদ্দাম হোসেন (৩২), কমলাপুর এলাকার মো. মোজাম্মেল হকের ছেলে মো. সাইফুল ইসলাম (২১), যশপুর এলাকার মৃত আহম আলীর ছেলে মফিজ ভান্ডারি, কমলাপুর দক্ষিণপাড়া এলাকার মো. জয়নাল মাস্টারের ছেলে মো. কায়সার (৩২), কমলাপুর এলাকার মৃত মনিরের ছেলে মো. রিয়াজ (৩৩), মনশাসন এলাকার শফিক মেম্বারের ছেলে বিল্লাল, কমলাপুর এলাকার মৃত আব্দুর রহমানের ছেলে কামাল হোসেন, কালির বাজার ইউনিয়নের আবদুল ওহেদের ছেলে মো. ইব্রাহীম খলিল (৪৫), রায়চোঁ এলাকার ইমদাদুল হকের ছেলে মেহেদী হাসান, সৈয়দপুর এলাকার মৃত হাজী সিরাজুল ইসলামের ছেলে জয়নাল আবেদীন, বুড়িচং উপজেলার ময়নামতি ইউনিয়নের মৃত হারুন অর রশিদের ছেলে আব্দুল কাদের, নারায়ণসার এলাকার মৃত আশ্রাব আলীর ছেলে আনোয়ার।

আদালত সূত্র জানায়, ২০২০ সালের ১০ জুন কুমিল্লার আদর্শ সদর উপজেলার কালির বাজার ইউনিয়নের কমলাপুর বাজারের দক্ষিণ পাশে কবরস্থান সংলগ্ন বাগানে ছাত্রদল কর্মী পারভেজকে হত্যা করেন তৎকালীন ইউপি চেয়ারম্যান সেকান্দর আলী এবং তার সহযোগীরা। পরে নিহতের মা বাদী হয়ে ১৪ জনের নাম উল্লেখ করে কোতয়ালী থানায় মামলা করেন। এ ঘটনায় চার আসামির ১৬৪ ধারা জবানবন্দি ও ৩১ জনের সাক্ষ্যগ্রহণের পর আদালত ১৪ আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দেন। রায়ের সময় ১৪ আসামির মধ্যে ১১ জন আদালতে উপস্থিত ছিলেন। বাকি তিনজন পলাতক।
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## তালিকায় আরও ২৫-৩০ জন, রয়েছে দুদক কর্মকর্তার নাম

কারিগরি শিক্ষা বোর্ডের সার্টিফিকেট জালিয়াতির ঘটনা মোড় নিচ্ছে ভিন্ন দিকে। কেঁচো খুঁড়তে বেরিয়ে আসছে সাপ। শুধু কারিগরি শিক্ষা বোর্ড নয়, এই জালিয়াতিতে উঠে আসছে দুর্নীতি দমন কমিশন (দুদক), শিক্ষা মন্ত্রণালয়সহ সরকারের অন্য প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীর নামও। গোয়েন্দা পুলিশের (ডিবি) তদন্ত সূত্র জানাচ্ছে এমন তথ্য। এ ঘটনায় এরই মধ্যে কারিগরি শিক্ষা বোর্ডের সদ্য সাবেক চেয়ারম্যান মো. আলী আকবরের স্ত্রী মোছা. সেহেলা পারভীনকে গ্রেফতার করেছে ডিবি। এছাড়া জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হয়েছে মো. আলী আকবরকে।

ডিবি জানায়, জিজ্ঞাসাবাদে বোর্ডের সাবেক চেয়ারম্যান আলী আকবরের সার্টিফিকেট বাণিজ্যে সংশ্লিষ্টতা পাওয়া গেলে তার বিরুদ্ধেও আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। রাজধানীর মিরপুর মডেল থানায় হওয়া এ সংক্রান্ত মামলায় এখন পর্যন্ত কারিগরি শিক্ষা বোর্ডের কম্পিউটার সেলের সিস্টেম অ্যানালিস্ট এ কে এম শামসুজ্জামান, তার ব্যক্তিগত সহকারী ফয়সাল, কুষ্টিয়া গড়াই সার্ভে ইনস্টিটিউটের পরিচালক সানজিদা আক্তার কলি, কামরাঙ্গীরচর হিলফুল ফুজুল টেকনিক্যাল অ্যান্ড বিএম কলেজের অধ্যাপক মোস্তাফিজুর রহমান ও ঢাকা টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের পরিচালক মো. মাকসুদুর রহমান ওরফে মামুনকে গ্রেফতার করেছে ডিবি লালবাগ বিভাগ।

ডিবির আরেকটি সূত্র জানায়, যারা গ্রেফতার হয়েছেন তাদের পাশাপাশি সার্টিফিকেট জালিয়াতির সঙ্গে আরও রাঘববোয়াল জড়িত। তাদের তালিকাও করা হচ্ছে। দ্রুত আইনের আওতায় আনা হবে। দুদক কর্মকর্তা, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালকসহ আরও কমপক্ষে ৩০ জন এই সার্টিফিকেট জালিয়াতির সঙ্গে জড়িত থাকার তথ্য পেয়েছে ডিবি। তাদের বিষয়ে তথ্য যাচাই-বাছাই করে তালিকা তৈরির কাজ চলছে। এ বিষয়ে ডিবি লালবাগ বিভাগের উপ-পুলিশ কমিশনার মশিউর রহমান জাগো নিউজকে বলেন, 'এই দুর্নীতির খনির ভেতরে আমরা ধীরে ধীরে প্রবেশ করছি। আরও কাজ বাকি। এ ঘটনায় যারা জড়িত তাদের তালিকা করা হচ্ছে। যারাই এর সঙ্গে জড়িত তাদের দ্রুতই গ্রেফতার করা হবে।' ডিবি সূত্রে জানা যায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সার্টিফিকেট জালিয়াতির সঙ্গে বোর্ডের সদস্য সাবেক চেয়ারম্যানসহ ছয়জনকে গ্রেফতার করা হয়েছে। তবে এ ঘটনার সঙ্গে শুধু এই ছয়জন জড়িত নয়, বোর্ডের আরও কর্মকর্তা-কর্মচারী জড়িত।

জানা যায়, সার্টিফিকেট জালিয়াতির সঙ্গে কারিগরি শিক্ষা বোর্ডের আরও তিন কর্মকর্তার নাম পাওয়া গেছে। তারা হলেন- কারিগরি শিক্ষা বোর্ডের সিবিএ নেতা আব্দুল বাছের, রেজিস্ট্রেশন শাখার অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার মামুনুর রশীদ ও বোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক জাকারিয়া আব্বাস। তারা বিভিন্ন সময় বোর্ডের কম্পিউটার সেলের সিস্টেম অ্যানালিস্ট একেএম শামসুজ্জামানকে শিক্ষার্থীদের রেজাল্ট পরিবর্তন ও জাল সার্টিফিকেট তৈরি করার কথা বলতেন। তাদের দাবি অনুযায়ী, এ কে এম শামসুজ্জামান সার্টিফিকেট তৈরি ও রেজাল্ট পরিবর্তন করে দিতেন। তবে এজন্য তারা শামসুজ্জামানকে কোনো টাকা দিতেন না। একই বোর্ডের লোক হওয়ায় শামসুজ্জামান তাদের কাছে টাকা চাইতে সাহসও পেতেন না। ডিবি সূত্রে জানা যায়, সার্টিফিকেট দুর্নীতির সঙ্গে খোদ দুদক কর্মকর্তা-কর্মচারীরও নাম উঠে

আসছে। দুদকের দুজন উপ-পরিচালক মোটা অংকের টাকার বিনিময়ে সার্টিফিকেট জালিয়াতির মামলায় এ ঘটনার মূলহোতা শামসুজ্জামানকে অব্যাহতি দিয়েছেন।

তদন্ত সূত্রে জানা যায়, শামসুজ্জামানের সার্টিফিকেট দুর্নীতি সংক্রান্ত একটি মামলা হয় দুদকে। দুদকের উপ-পরিচালক পদমর্যাদার এক কর্মকর্তা মামলার তদন্তের জন্য শামসুজ্জামানকে ডাকেন। এরপর থেকে দুদকের ওই কর্মকর্তাকে বিভিন্নভাবে ম্যানেজ করার চেষ্টা করেন শামসুজ্জামান। কিন্তু সেই কর্মকর্তাকে ম্যানেজ না করতে পেরে দুদকের উপ-পরিচালক পদমর্যাদার আরেক কর্মকর্তার দারস্থ হন। কারিগরি শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান আলী আকবর খানকে ডিবি অফিসে ডাকা হয়েছে, জিজ্ঞাসাবাদ করা হবে। এতে তার সংশ্লিষ্টতা পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া এ ঘটনায় যাদের নাম এসেছে পর্যায়ক্রমে সবাইকে ডেকে জিজ্ঞাসাবাদ করা হবে। সেই কর্মকর্তা শামসুজ্জামানকে তার বাড্ডার বাসায় ডেকে নেন। ওই কর্মকর্তা শামসুজ্জামানকে বলেন, এখন যে কর্মকর্তার কাছে মামলার তদন্ত আছে তাকে ম্যানেজ করা যাবে না। তাই মামলার তদন্ত কর্মকর্তা পরিবর্তন করতে হবে, এজন্য দুদকের এই কর্মকর্তাকে ৩০ লাখ দিতে হবে শামসুজ্জামানকে। শামসুজ্জামান ওই কর্মকর্তার দাবি অনুযায়ী ৩০ লাখ টাকার ডলার কিনে তাকে দেন। পরে মামলার তদন্ত কর্মকর্তা পরিবর্তন হয়। আরও জানা যায়, নতুন তদন্ত কর্মকর্তাও দুদকের উপ-পরিচালক পদমর্যাদার আরেকজন কর্মকর্তা। তিনি প্রায় ১০ লাখ টাকার ওপরে শামসুজ্জামানের কাছ থেকে নিয়ে তাকে দুদকের মামলা থেকে অব্যাহতি দেন।

রিমান্ডে থাকা শামসুজ্জামান ডিবিকে জানান, কারিগরি শিক্ষা বোর্ডের সার্টিফিকেট কাগজ প্রতি বান্ডেলে ৫০০টি করে থাকে। বান্ডেলে করা এসব কাগজ শামসুজ্জামান শিক্ষা বোর্ডের অফিস থেকে সংগ্রহ করতেন। তবে তার কাছে জাল সার্টিফিকেট তৈরির এত চাহিদা থাকতো যে বোর্ড অফিসের কাগজ পর্যাপ্ত হতো না। কাগজের জোগান ঠিক রাখতে রাজধানীর পুরান ঢাকা ও রংপুরের একটি প্রেসের সঙ্গে যোগাযোগ করেন। তাদের আসল কাগজের নমুনা দেখানোর পর তারা হুবহু সার্টিফিকেটের কাগজ তৈরি করে দিতেন শামসুজ্জামানকে।

শামসুজ্জামান প্রতিদিন অফিস শেষ করে বাসায় গিয়ে এসব কাগজ দিয়ে জাল সার্টিফিকেট তৈরি করতেন। এসব জাল সার্টিফিকেট প্রিন্ট করার কাজ করতেন তার ব্যক্তিগত সহকারী ফয়সাল। রাজধানীর পীরেরবাগ এলাকায় একটি বাসা ভাড়া নেওয়া হয়েছিল সার্টিফিকেট প্রিন্ট করার জন্য। সেখানে এসব জাল সার্টিফিকেট প্রিন্ট করতেন ফয়সাল। তারপর কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে গিয়ে এসব জাল সার্টিফিকেট আপলোড করে দিতেন শামসুজ্জামান। আপলোড করার পর এসব জাল সার্টিফিকেট পৃথিবীর যে কোনো জায়গা থেকে ভেরিফিকেশন করা যেত। জিজ্ঞাসাবাদে শামসুজ্জামান জানান, তিনি ২০১৪ থেকে ২০২২ সাল পর্যন্ত সার্টিফিকেট তৈরির কাজ শেখেন। মোহাম্মদ শামসুল আলম নামে কারিগরি শিক্ষা বোর্ডের সিস্টেম অ্যানালিস্টের কাছ থেকে এই জালিয়াতি শেখেন। শামসুল আলম বিভিন্ন সময় ডিপ্লোমা পরীক্ষার সার্টিফিকেট জালিয়াতি করতেন। শিক্ষার্থীদের কাছে জাল সার্টিফিকেটও বিক্রি করতেন তিনি। ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের পরীক্ষায় যেসব শিক্ষার্থী পাস করতে পারতো না তাদের নম্বর বাড়িয়ে দিয়ে পাস করিয়ে দিতেন শামসুল। তার কাছ থেকে শিখে শামসুজ্জামান এসএসসি ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ের পরীক্ষার্থীদের জাল সার্টিফিকেট বানানোসহ পরীক্ষা প্রাপ্ত নম্বর বাড়িয়ে দিতেন।

ডিবি সূত্রে জানা যায়, শিক্ষার্থীরা প্রথমে দালালের সঙ্গে যোগাযোগ করতো। পরে দালালরা শামসুজ্জামানের সঙ্গে যোগাযোগ করত। পরে সেই অনুযায়ী শামসুজ্জামান জাল সার্টিফিকেট বানাতেন। জাল সার্টিফিকেটপ্রতি ৩০ হাজার থেকে শুরু করে ৫০ হাজার টাকা পর্যন্ত নিতেন তিনি। এছাড়া বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালকরাও যোগাযোগ করতেন তার সঙ্গে। পরিচালকরা সার্টিফিকেটপ্রতি ৩০-৫০ হাজার টাকা দিলেও তারা শিক্ষার্থীদের কাছ থেকে আরও মোটা অংকের টাকা নিতেন। প্রায় ৩০ জনের মতো দালাল ও পরিচালকের সঙ্গে যোগাযোগ রয়েছে শামসুজ্জামানের। নরসিংদী, ময়মনসিংহ, খুলনা, দিনাজপুর, গাজীপুর, ঢাকা ও কিশোরগঞ্জসহ দেশের বিভিন্ন এলাকার দালাল ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালকরা যোগাযোগ করতেন তার সঙ্গে। জানতে চাইলে ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) মোহাম্মদ হারুন অর রশীদ জাগো নিউজকে বলেন, 'কারিগরি শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান আলী আকবর খানকে গতকাল ওএসডি করা হয়েছে। মঙ্গলবার (২৩ এপ্রিল) তাকে ডিবি অফিসে ডাকা হয়েছে, জিজ্ঞাসাবাদ করা হবে। এতে তার সংশ্লিষ্টতা পাওয়া গেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া এ ঘটনায় যাদের নাম এসেছে পর্যায়ক্রমে সবাইকে ডেকে জিজ্ঞাসাবাদ করা হবে।(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## যুক্তরাষ্ট্র থেকে ডাকে এলো কোটি টাকার মাদকের পার্সেল, আটক ৩

যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশ ডাক বিভাগের বৈদেশিক ডাক শাখায় আসা একটি পার্সেলে প্রায় কোটি টাকা মূল্যের বিপুল পরিমাণ টেট্রাহাইড্রো ক্যানাবিনলযুক্ত কুশ, কেনাবিনয়েড চকলেট ও কেনাবিস কেক জব্দ করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের (ডিএনসি) ঢাকা মেট্রো কার্যালয় (উত্তর)। এ ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট তিন মাদক কারবারিকে আটক করেছে ডিএনসি। সোমবার (২২শে এপ্রিল) রাতে জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন ডিএনসির সহকারী পরিচালক মো. মেহেদী হাসান। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্য থেকে বাংলাদেশ ডাক বিভাগের বৈদেশিক ডাক

শাখায় একটি পার্সেল আসে। পার্সেল থেকে প্রায় কোটি টাকা মূল্যের বিপুল পরিমাণে টেট্রাহাইড্রো ক্যানাবিনলযুক্ত কুশ, কেনাবিনয়েড চকলেট ও কেনাবিস কেক জব্দ করা হয়েছে। এর সঙ্গে জড়িত তিনজনকে আটক করা হয়েছে। এ বিষয়ে মঙ্গলবার (২৩শে এপ্রিল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক মুস্তাকীম বিল্লাহ ফারুকী সেগুনবাগিচা ডিএনসি প্রধান কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে বিস্তারিত জানাবেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## ফের সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদনের রেকর্ড

মাত্র একদিনের ব্যবধানে আবারও দেশের ইতিহাসে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদনের রেকর্ড হয়েছে। আজ রাত ৯টায় ১৬ হাজার ২৩৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়েছে। সোমবার (২২শে এপ্রিল) রাতে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের উপপ্রধান তথ্য কর্মকর্তা মীর মোহাম্মদ আসলাম উদ্দিনের সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। মন্ত্রণালয় জানায়, বর্তমানে দেশব্যাপী তীব্র তাপদাহ চলছে। বিদ্যুৎ বিভাগ জনজীবনে স্বস্তি বজায় রাখতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ উৎপাদনে আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। এর আগে সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদনের রেকর্ড ছিল গতকাল সোমবার। ওইদিন ১৫ হাজার ৬৬৬ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়। বর্তমানে বাংলাদেশের ২৫ হাজার ৪৯১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা রয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## যুদ্ধে নয়, জলবায়ু পরিবর্তন মোকাবিলায় অর্থ ব্যয় করুন : প্রধানমন্ত্রী

যুদ্ধের পেছনে অর্থ ব্যয় না করে তা জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ব্যয় করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'জাতীয় অভিযোজন পরিকল্পনা (ন্যাপ) এক্সপো' এবং 'বাংলাদেশ জলবায়ু উন্নয়ন অংশীদারিত্বের (বিসিডিপি)' উদ্‌বোধন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, যুদ্ধের পেছনে অর্থ ব্যয় না করে তা জলবায়ু পরিবর্তন মোকাবিলায় ব্যয় করুন। কার্বন নিঃসরণের কারণে বাংলাদেশ ঝুঁকিপূর্ণ দেশগুলোর মধ্যে অন্যতম উল্লেখ করে তিনি বলেন, বৈশ্বিক কার্বন নিঃসরণে বাংলাদেশের অবস্থান ০.৪৮ শতাংশের কম হলেও এর নেতিবাচক প্রভাবে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত ও ঝুঁকিপূর্ণ দেশসমূহের মধ্যে আমরা অন্যতম। জলবায়ু পরিবর্তনের এ বিরূপ প্রভাব আমাদের সম্ভাব্য উন্নয়ন এবং অর্থনৈতিক সমৃদ্ধির জন্য হুমকি হিসেবে দেখা দিয়েছে। আগামী ২৭ বছরে ন্যাপের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে প্রায় ২৩০ বিলিয়ন মার্কিন ডলারের প্রয়োজন জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, এজন্য সুনির্দিষ্ট তহবিল ও অতিরিক্ত আর্থিক সংস্থানের ব্যবস্থা গ্রহণে ধনী দেশ এবং আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানাই। তিনি আরও বলেন, উন্নত দেশগুলো ব্যাপক কার্বন নিঃসরণের মাধ্যমে বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধিতে ভূমিকা রেখে চলেছে। জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্ত জনগণকে রক্ষা করা তাদের নৈতিক দায়িত্ব।

সরকারপ্রধান বলেন, আমরা ক্লাইমেট ভালনারেবল ফোরামের (সিভিএফ) সভাপতি থাকাকালে অভিযোজন এবং প্রশমন কার্যক্রমে উন্নত দেশগুলোর প্রতিশ্রুত প্রতিবছর ১০০ বিলিয়ন ডলার প্রদানের বিষয়টি বাস্তবায়নের জন্য বারবার আহ্বান জানিয়েছি। আমার প্রত্যাশা, উন্নত দেশসমূহ তাদের প্রতিশ্রুতি রক্ষা করবে। এলডিসি থেকে উত্তরণের পরও বাংলাদেশসহ জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের হুমকিতে থাকা অন্যান্য দেশগুলো যাতে অব্যাহতভাবে আর্থিক, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত সহায়তা পায়, সেজন্য আমি আন্তর্জাতিক সম্প্রদায় ও ধনী দেশগুলোর প্রতি আহ্বান জানাচ্ছি। জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি হ্রাসে বাংলাদেশে অভিযোজন ও প্রশমন উভয় ক্ষেত্রে উপযোগী কার্যক্রম গ্রহণ করে যাচ্ছে বলে জানান শেখ হাসিনা। তিনি বলেন, আমরা ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও সুন্দর পৃথিবী গড়ে তুলতে চাই। এজন্য প্রয়োজন অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করা, সহিষ্ণুতা শক্তিশালী করা এবং ঝুঁকি হ্রাসে সমন্বিতভাবে উদ্যোগ গ্রহণ করা।

এসময় প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় কয়েকটি বিষয় তুলে ধরেন। সেগুলো হলো- কার্বন-নির্গমনকারী দেশগুলোকে বিশ্বব্যাপী তাপমাত্রা বৃদ্ধি ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রাখতে তাদের নির্গমন হ্রাস করার জন্য কার্যকর পদক্ষেপ নিতে হবে। উন্নত দেশগুলোর দ্বারা জলবায়ু তহবিলে বার্ষিক ১০০ বিলিয়ন ডলারের প্রতিশ্রুতি পূরণ করতে হবে। অভিযোজন এবং প্রশমনের মধ্যে তা সমানভাবে বণ্টন করতে হবে। উন্নত দেশগুলোকে উন্নয়নশীল দেশে প্রযুক্তি স্থানান্তরের পাশাপাশি সবচেয়ে কার্যকর জ্বালানি সমাধানে এগিয়ে আসতে হবে। নবায়নযোগ্য জ্বালানিতে রূপান্তরের সময়, সংশ্লিষ্ট দেশের উন্নয়ন অগ্রাধিকার তাদের ক্ষতি অনুসারে বিবেচনা করা উচিত। সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, লবণাক্ততা বৃদ্ধি, নদী-ভাঙন, বন্যা এবং খরার কারণে বাস্তুচ্যুত মানুষদের পুনর্বাসনের দায়িত্ব সবে দেশকে ভাগ করে নিতে হবে বলে জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## তাপপ্রবাহে হাসপাতালে বাড়ছে শিশু রোগীর চাপ

তীব্র দাবদাহে সারাদেশের মতো অতিষ্ঠ হয়ে উঠেছে নওগাঁর জনজীবন। হাসপাতালে বাড়ছে ডায়রিয়া, নিউমোনিয়া, জ্বর ও সর্দিজনিত রোগী। আক্রান্তদের অধিকাংশই শিশু ও বৃদ্ধ। ২৫০ শয্যা নওগাঁ জেনারেল হাসপাতালের শিশু ওয়ার্ডে ধারণক্ষমতার চারগুণ রোগী ভর্তি রয়েছেন। চিকিৎসা দিতে হিমসিম খেতে হচ্ছে স্বাস্থ্যকর্মীদের। সোমবার (২২শে

এপ্রিল) দুপুরে হাসপাতাল ঘুরে দেখা যায়, সকালে মোট রোগী ভর্তি ছিল ৩০২ জন। এরমধ্যে শিশু রোগী ৫৮ জন। দুপুর পর্যন্ত আরও ১৪ জন যোগ হয়ে মোট শিশু রোগী দাঁড়িয়েছে ৭২ জনে। এদের অধিকাংশই ডায়রিয়া ও নিউমোনিয়ায় আক্রান্ত। হাসপাতালে শিশু ওয়ার্ডের ১৫ শয্যার বিপরীতে এত রোগীর চাপ সামাল দিতে বারান্দায় শয্যার ব্যবস্থা করা হয়েছে। কিছু রোগীকে মেঝেতে বিছানা পেতেও চিকিৎসা নিতে হচ্ছে। দায়িত্বরত নার্সরা বলছেন, তীব্র গরমে গত কয়েকদিনে রোগীর চাপ বেড়েছে। সেবা দিতে তাদের হিমসিম খেতে হচ্ছে। তারপরও তারা সর্বোচ্চ সেবা দেওয়ার চেষ্টা করছেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## রামুতে বাবা-ছেলেকে গুলি ও কুপিয়ে হত্যা

কক্সবাজারের রামুর গর্জনিয়াতে সশস্ত্র সন্ত্রাসীদের গুলি ও এলোপাতাড়ি দায়ের কোপে বাবা-ছেলে নিহত হয়েছেন। সোমবার (২২শে এপ্রিল) ভোরে রামুর গর্জনিয়া ইউনিয়নের থোয়াইংগাকাটা এলাকার ঘোনারপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহতরা হলেন, গর্জনিয়া ইউনিয়নের ৩নং ওয়ার্ডের থোয়াইংগাকাটা এলাকার মৃত নুরুল ইসলামের ছেলে জাফর আলম (৫৫) ও তার ছেলে মোহাম্মদ সেলিম (৩৩)। স্থানীয় সূত্র জানায়, গত কয়েক বছর ধরে মিয়ানমার থেকে চোরাই পথে গোরু পাচার হয়ে আসছে। অধিকাংশ গোরু আসে পার্বত্য বান্দরবানের নাইক্ষ্যংছড়ি সীমান্ত হয়ে। পরে তা রামুর গর্জনিয়া, কচ্ছপিয়া, ইদগড় হয়ে জেলার ইদগাঁওসহ বিভিন্ন এলাকায় সরবরাহ হয়। এসব অবৈধ বার্মিজ গোরু পাচারকে কেন্দ্র করে কয়েক গ্রুপ এসব এলাকায় মুখোমুখি হয়। এমনই কোনো ঘটনায় বাবা-ছেলে খুন হয়ে থাকতে পারেন। ঘটনার পরপরই গর্জনিয়া ফাঁড়ি পুলিশ দ্রুত ঘটনাস্থল গিয়ে মরদেহ দুটি উদ্ধার করে প্রথমে নাইক্ষ্যংছড়ি হাসপাতালে নিয়ে যায়। সেখান থেকে মরদেহ ময়নাতদন্তের জন্য কক্সবাজার হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

রামু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু তাহের দেওয়ান ঘটনার সততা নিশ্চিত করে বলেন, জড়িতদের গ্রেফতারে অভিযান চলমান রয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## শিল্প-কারখানায় ট্রেড ইউনিয়ন গঠনের শর্ত শিথিল হচ্ছে

শিল্প-কারখানায় ট্রেড ইউনিয়ন গঠনের শর্ত শিথিল হচ্ছে। বর্তমান শ্রম আইন অনুযায়ী ৩ হাজার বা এর বেশি শ্রমিক থাকা কারখানায় ১৫ শতাংশ শ্রমিকের সম্মতি প্রয়োজন হয়। এখন সংশোধিত শ্রম আইনে ট্রেড ইউনিয়ন গঠনে কারকানায় শ্রমিকের সংখ্যার বাধ্যবাধকতার শর্ত তুলে দেওয়া হচ্ছে। সোমবার (২২শে এপ্রিল) সচিবালয়ে মার্কিন বাণিজ্য প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের পর আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক সাংবাদিকদের এ তথ্য জানান। সংশোধিত শ্রম আইন আগামী বাজেট অধিবেশনে পাস হবে বলেও জানিয়েছেন মন্ত্রী।

মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে বৈঠকের বিষয়ে আইনমন্ত্রী বলেন, 'তারা মূলত বাংলাদেশের শ্রম আইন, শ্রমিকদের অধিকার এবং তা নিয়ে আমরা কী কাজ করছি- এসব বিষয়ে আমার সঙ্গে আলোচনা করেছেন। তাদের গুরুত্বপূর্ণ যে প্রশ্ন ছিল সেটা হচ্ছে- বাংলাদেশে শ্রম আইনের যে সংশোধন হচ্ছে, সেটার বর্তমান পরিস্থিতি কী? কী করা হচ্ছে? এগারোটা ব্যাপারে তাদের জানার ইচ্ছা ছিল এবং এ ব্যাপারে কতটুকু অগ্রগতি হয়েছে, তা তাদের জিজ্ঞাসায় ছিল।' তিনি বলেন, 'তাদের প্রথম জিজ্ঞাসা ছিল, থ্রেসহোল্ড (ট্রেড ইউনিয়ন গঠনে শ্রমিকদের সম্মতির হার) নিয়ে। অর্থাৎ ট্রেড ইউনিয়ন গঠন করার জন্য যে কত শতাংশ শ্রমিক প্রয়োজন, সেটা নিয়ে। প্রথমে ২০১৬ সালের দিকে ৩০ শতাংশ ছিল। ২০১৭ সালে যখন আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সম্মেলনে যাই, তখন এই থ্রেসহোল্ড ২০ শতাংশে নিয়ে আসার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।' 'তখন আমি বলেছিলাম, এটা আমরা আরও কমাব, তবে সেটা ধীরে ধীরে। এবার যখন সংশোধনী হয়, তখন প্রথম প্রস্তাব ছিল এটাকে ২০ শতাংশ থেকে ১৫ শতাংশে নিয়ে আসব। কিন্তু সেখানে একটা ক্যাভিয়েট (শর্ত) ছিল, এটা শুধু যেসব কারখানায় তিন হাজার বা তার চেয়ে বেশি শ্রমিক কর্মরত, তাদের জন্য প্রযোজ্য হবে। আমরা সেটা (৩ হাজার বা এর চেয়ে বেশি শ্রমিক থাকা) তুলে দিচ্ছি, সব কারখানার জন্য সেটা প্রযোজ্য হবে।'

আনিসুল হক বলেন, 'শ্রম আইন নিয়ে সমস্যা যখন হয়েছিল তখন রাষ্ট্রপতির কাছ থেকে ফেরত আনা হয়েছিল। তার পরের আলোচনায় সিদ্ধান্ত নিয়েছি আমরা এটা সবার জন্য করব, কোনো ক্যাপ (সীমা) থাকবে না। সেটাও আমরা মার্কিন প্রতিনিধিদের জানিয়েছি।' তিনি বলেন, 'তারপরে বাংলাদেশ শ্রমিক আইন, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ যেটা হচ্ছে, সেখানে প্রযোজ্য হবে। আগে বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোন লেবার অ্যাক্টে প্রযোজ্য হওয়ার কথা ছিল। সেই সংশোধনী আমরা করেছি। যে এগারোটি বিষয় তারা জানতে চেয়েছিলেন, তাতে এগুলো ছিল।' মন্ত্রী বলেন, 'আমরা যেটা এরইমধ্যে শেষ করেছি, সেটা সম্পর্কে তাদের বলেছি। যেটা নিয়ে কাজ করেছি সেটাও বলেছি। যেমন, শ্রমিক অধিকার নিয়ে। এটা চলমান কাজ। শ্রমিকদের অধিকার দিন দিন বাড়বে, কমবে না।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## বেনজীরের বিরুদ্ধে দুদকের অনুসন্ধান শুরু

পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের বিরুদ্ধে বিপুল পরিমাণ অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ অনুসন্ধান শুরু করছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। সোমবার (২২শে এপ্রিল) সাবেক আইজিপির বিরুদ্ধে অনুসন্ধান শুরুর কথা জানান দুদক সচিব খোরশেদা ইয়াসমীন।

দুদক সচিব বলেন, একাধিক প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বেনজীর আহমেদের বিরুদ্ধে অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ প্রকাশিত হয়েছে। এ অভিযোগের বিষয়ে দুদক বিধি অনুযায়ী ব্যবস্থা নিচ্ছে। ইদের পর ১৮ই এপ্রিল কমিশনের প্রথম সভায় বেনজীরের অবৈধ সম্পদ অনুসন্ধানের অনুমোদন দেওয়া হয়। ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার তথ্য বিবেচনায় নিয়ে বিধি অনুযায়ী তার বিরুদ্ধে নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, অনুসন্ধান করতে তিন সদস্যের একটি টিম গঠন করা হয়েছে। এই টিম তদারক করার জন্য তদারক কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। বিধি অনুযায়ী যা যা করা দরকার তারা তা করবেন। বেনজীরের বিরুদ্ধে অনুসন্ধান আইওয়াশ কি না- জানতে চাইলে সচিব বলেন, এটা সত্য নয়। এর আগেও বেনজীরের বিরুদ্ধে অনুসন্ধান চলেছিল, সেটা নথিভুক্ত হয়েছে। সেটা পুনরায় শুরু করা যায়নি কেনো, জানতে চাইলে সচিব বলেন, গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। তার বিরুদ্ধে অনুসন্ধান শুরু হয়েছে। সোমবার বেনজীর আহমেদের দুর্নীতির অনুসন্ধান চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হয়েছে। দুদক চেয়ারম্যান, সচিবসহ চারজনকে রিটে বিবাদী করা হয়েছে। হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় সুপ্রিম কোর্টের আইনজীবী সালাউদ্দিন রিগ্যান এ রিট দায়ের করেন।

এছাড়া বেনজীর আহমেদের বিরুদ্ধে ওঠা অভিযোগ অনুসন্ধানে দুদকে আবেদন দেন ব্যারিস্টার সৈয়দ সায়েদুল হক সুমন। রোববার (২১শে এপ্রিল) দুদককে দেওয়া ওই আবেদনে বলা হয়, বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদ ৩৪ বছর ৭ মাস চাকরি করে গত ৩০শে সেপ্টেম্বর ২০২২ সালে অবসরে যান। অবসর গ্রহণের পর দেখা যায়, বেনজীর আহমেদ তার স্ত্রী ও কন্যাদের নামে বিপুল পরিমাণ সম্পত্তি অর্জন করেছেন, যা তার আয়ের তুলনায় অসম। এতে বলা হয়, গত ৩১শে মার্চ দৈনিক কালের কণ্ঠে 'বেনজীরের ঘরে আলাদীনের চেরাগ' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। প্রতিবেদনে বলা হয়েছে, সাবেক মহাপরিদর্শক তার স্ত্রী জিশান মির্জা এবং দুই মেয়ে ফারহিন রিশতা বিনতে বেনজীর ও তাহসিন রাইসা বিনতে বেনজীরের নামে বিপুল পরিমাণ সম্পদ অর্জন করেছেন। বেনজীর আহমেদ তার পদের অপব্যবহার করে তার আয়ের তুলনায় প্রতিবেদনে উল্লিখিত সম্পত্তি অধিগ্রহণ করেছেন বলে বিশ্বাস করার যথেষ্ট কারণ রয়েছে বলে চিঠিতে জানান ব্যারিস্টার সুমন। এমন পরিস্থিতিতে, বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদ, তার স্ত্রী, বড় মেয়ে ও ছোট মেয়ের বিরুদ্ধে বিপুল পরিমাণ অবৈধ সম্পদ সংগ্রহের জন্য তদন্ত করে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নিতে দুদককে অনুরোধ করেন তিনি।

(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## প্রচণ্ড গরমে চালাচ্ছিলেন রিকশা, অসুস্থ হয়ে চালকের মৃত্যু

প্রচণ্ড গরমের মধ্যে রিকশা চালানোর সময় অসুস্থ হয়ে আব্দুল আউয়াল (৪৫) নামের এক রিকশাচালকের মৃত্যু হয়েছে। সোমবার (২২শে এপ্রিল) বিকেলে ঢাকা নার্সিং কলেজের পেছনের রাস্তা দিয়ে যাওয়ার সময় তিনি অসুস্থ হয়ে পড়েন। অচেতন অবস্থায় তাকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক বিকেল সাড়ে ৪টার দিকে মৃত ঘোষণা করেন। শাহবাগ থানার উপ-পরিদর্শক (এসআই) সুমন জানান, আব্দুল আউয়াল রিকশা চালিয়ে যাওয়ার সময় অসুস্থ হয়ে পড়ে যান। পরে তাকে দ্রুত উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে এলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। আমাদের ধারণা অতিরিক্ত গরমের কারণে হিটস্ট্রোকে তার মৃত্যু হয়েছে। তবে ময়নাতদন্তের প্রতিবেদন পেলে মৃত্যুর সঠিক কারণ জানা যাবে। মরদেহ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে রাখা হয়েছে।(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## ঢাকায় কাতারের আমির

দু'দিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে এসেছেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানি। সোমবার (২২শে এপ্রিল) বিকেল ৫টায় তাকে বহনকারী একটি বিশেষ বিমান হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। বিমানবন্দরে রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন তাকে স্বাগত জানান। রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার আমন্ত্রণে ২২ ও ২৩শে এপ্রিল কাতারের আমির এই সফরে এসেছেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২৪ সালের জানুয়ারিতে সরকার গঠনের পর মধ্যপ্রাচ্যের কোনো দেশ থেকে এটি প্রথম উচ্চপর্যায়ের রাষ্ট্রীয় সফর। কাতারের আমির তাঁর সফরসঙ্গীদের নিয়ে লা মেরিডিয়ান হোটেলে থাকবেন। মঙ্গলবার (২৩শে এপ্রিল) সকালে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ কাতারের আমিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। তারপর গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাতারের আমিরের সঙ্গে প্রথমে একান্ত বৈঠক এবং পরে আনুষ্ঠানিক দ্বিপক্ষীয় বৈঠক করবেন। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বঙ্গভবনে কাতারের আমিরের সৌজন্যে মধ্যাহ্নভোজের আয়োজন করবেন। কাতারের আমিরের সফরকালে দুই দেশের মধ্যে ছয়টি চুক্তি এবং পাঁচটি সমঝোতা স্মারক সই হওয়ার কথা রয়েছে। এগুলো হলো- দ্বৈতকর পরিহার ও কর ফাঁকি সংক্রান্ত, আইনগত বিষয়ে সহযোগিতা সংক্রান্ত, সাগরপথে পরিবহন সংক্রান্ত, উভয় দেশের পারস্পরিক বিনিয়োগ উন্নয়ন ও সুরক্ষাসংক্রান্ত, দুই দেশের দণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের বদলি সংক্রান্ত এবং যৌথ ব্যবসা পরিষদ গঠন সংক্রান্ত চুক্তি। এছাড়া শ্রমশক্তিবিষয়ক সমঝোতা, উচ্চশিক্ষা ও বৈজ্ঞানিক গবেষণা

সংক্রান্ত সমঝোতা এবং কূটনৈতিক প্রশিক্ষণে সহযোগিতা সংক্রান্ত সমঝোতাসহ পাঁচটি সমঝোতা স্মারক সই হওয়ার কথা রয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় বিশেষ বিমানযোগে তিনি ঢাকা ত্যাগ করবেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## তাপপ্রবাহ অব্যাহত, তিনদিনের হিট অ্যালার্ট জারি

সোমবার দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এরপর তাপমাত্রা ফের বেড়ে গরম আরও তীব্র হতে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদরা। দেশের ওপর দিয়ে চলমান তাপপ্রবাহ সোমবার (২২শে এপ্রিল) থেকে পরবর্তী ৭২ ঘণ্টা অব্যাহত থাকতে পারে বলেও তাপপ্রবাহের সতর্কবার্তায় (হিট অ্যালার্ট) জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তি বাড়তে পারে বলেও সতর্কবার্তায় জানানো হয়েছে। রোববার ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে দিনের তাপমাত্রা কিছুটা কম ছিল। রোববার দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪২ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস ছিল চুয়াডাঙ্গায়। এছাড়া সর্বোচ্চ তাপমাত্রা ঈশ্বরদীতে ৪২, টাঙ্গাইলে ৪০ দশমিক ৪, যশোরে ৪০ দশমিক ২, কুষ্টিয়ার কুমারখালীতে ৪০ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছিল।

সোমবার সকাল ৯টা থেকে আগামী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসে আবহাওয়াবিদ মো. বজলুর রশিদ জানান, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝোড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এ সময়ে সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তি বিরাজ করতে পারে। পাবনা ও চুয়াডাঙ্গা জেলার ওপর দিয়ে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। রাজশাহী, টাঙ্গাইল, যশোর ও কুষ্টিয়া জেলার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। শ্রীমঙ্গল ও চাঁদপুর জেলাসহ ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগের অবশিষ্টাংশ এবং রংপুর, ময়মনসিংহ ও বরিশাল বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে বলেও জানিয়েছেন বজলুর রশিদ। তিনি আরও জানান, মঙ্গলবার সিলেট অঞ্চলের দু-এক জায়গায় ঝড়-বৃষ্টি হতে পারে। মঙ্গলবার এবং বুধবার দিনের তাপমাত্রা বাড়তে পারে।
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## তীব্র গরমে হাইকোর্টের কিছু বেঞ্চ ভার্চুয়াল করতে আবেদন

তাপদাহ ও তীব্র গরম পরিস্থিতিতে গ্রীষ্মকালীন সময়ে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে কিছু বেঞ্চ ভার্চুয়াল করার জন্য প্রধান বিচারপতি ওবায়দুল হাসানের কাছে আবেদন করেছেন সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সম্পাদক অ্যাডভোকেট শাহ মুঞ্জুরুল হক। সোমবার (২২শে এপ্রিল) প্রধান বিচারপতির কাছে এমন আবেদন করেন সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সম্পাদক অ্যাডভোকেট শাহ মুঞ্জুরুল হক। তিনি নিজে বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## চুয়াডাঙ্গা-যশোর-খুলনায় সর্বোচ্চ তাপমাত্রা ৪০.৬ ডিগ্রি রেকর্ড

টানা প্রায় এক সপ্তাহ ধরে দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড হচ্ছে চুয়াডাঙ্গায়। জেলার ওপর দিয়ে তীব্র থেকে অতি তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। তাপমাত্রা ৪০ থেকে ৪২ ডিগ্রির মধ্যে ওঠানামা করছে। এ অবস্থায় জনজীবনে নাভিশ্বাস উঠেছে। সোমবার (২২শে এপ্রিল) বিকেলেও সর্বোচ্চ তাপমাত্রা ৪০ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। প্রচণ্ড গরমে সাধারণ ও কর্মজীবী মানুষ অস্বস্তিতে পড়েছেন। সবচেয়ে বেশি ভোগান্তির শিকার হচ্ছেন শিশু ও বৃদ্ধরা।
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## বান্দরবানে সেনাবাহিনীর অভিযানে কুকি-চিনের সদস্য নিহত

বান্দরবানের রুমা উপজেলার দুর্গম মুনলাই পাড়া এলাকায় সেনাবাহিনীর অভিযানে কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) এক সশস্ত্র সন্ত্রাসী নিহত হয়েছে। এ সময় অস্ত্র, গোলাবারুদ ও অন্যান্য সরঞ্জাম উদ্ধার করেছে সেনাবাহিনী। সোমবার (২২শে এপ্রিল) রাতে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক বার্তায় এ তথ্য নিশ্চিত করেছে। আইএসপিআর জানায়, বান্দরবানের রুমা উপজেলার দুর্গম মুনলাই পাড়া এলাকায় সোমবার অভিযান চালায় সেনাবাহিনী। অভিযানে কেএনএফের এক সশস্ত্র সন্ত্রাসী নিহত হয়েছে। এ সময় অস্ত্র, গোলাবারুদ ও অন্যান্য সরঞ্জাম উদ্ধার করা হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

## মোটরসাইকেলে বাসের ধাক্কায় প্রাণ গেলো চুয়েটের দুই শিক্ষার্থীর

মোটরসাইকেলে বাসের ধাক্কায় চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) দুই শিক্ষার্থী নিহত হয়েছেন। এতে আহত হয়েছেন আরেক শিক্ষার্থী। হতাহত তিন শিক্ষার্থী একই মোটরসাইকেলে ছিলেন। সোমবার (২২শে এপ্রিল) বিকেলে চট্টগ্রাম-কাপ্তাই সড়কের সেলিনা কাদের চৌধুরী কলেজ সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন, নরসিংদী সদরের ৪ নম্বর ওয়ার্ডের কাজল সাহার ছেলে শান্ত সাহা এবং নোয়াখালীর সুধারামের নিউ কলেজ রোড ২

নম্বর ওয়ার্ডের মোহাম্মদ দেলোয়ার হোসেনের ছেলে তৌফিক। শান্ত সাহা চুয়েটের পুরকৌশল বিভাগের ২০তম ব্যাচের এবং তৌফিক ২১তম ব্যাচের শিক্ষার্থী। একই ঘটনায় আহত হয়ে জাকারিয়া নামের আরেক চুয়েট শিক্ষার্থী হাসপাতালে চিকিৎসাধীন। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন চুয়েটের উপ-পরিচালক (জনসংযোগ) ফজলুর রহমান। তিনি বলেন, 'বাইকে যাওয়ার সময় শিক্ষার্থীদের বাইকটি ধাক্কা দেয় বেপরোয়া গতির বাস। বর্তমানে শান্ত সাহার মরদেহ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে আছে। এছাড়া তৌফিকের মরদেহ এভারকেয়ার হাসপাতালে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২২.০৪.২০২৪ নারগীস)

# BBC

**ISRAELI MILITARY'S INTELLIGENCE CHIEF RESIGNS OVER 7 OCTOBER**

The Israeli military's intelligence chief has resigned, saying he took responsibility for the failures before Hamas's attack on Israel on 7 October. The Israel Defence Forces (IDF) said Major General Aharon Haliva would retire once his successor was selected. He acknowledged in a letter that his intelligence directorate "did not live up to the task we were entrusted with". He is the first senior figure to step down over the attack, which were the deadliest in Israel's history. (BBC Web Page: 22/04/24, FARUK)

**THREE SUSPECTED CHINESE SPIES ARRESTED IN GERMANY**

German authorities say they have arrested three people on suspicion of spying for China. The main suspect, named as Thomas R, is accused of spying for the Chinese Ministry of State Security (MSS). Prosecutors allege his network operated a front company which co-operated with German research organizations. The accused are said to have collected sensitive information, including designs for an engine suitable for use on combat ships, to pass on to China. (BBC Web Page: 22/04/24, FARUK)

**TENS OF THOUSANDS EVACUATED FROM MASSIVE CHINA FLOODS**

Authorities have evacuated nearly 60,000 people from their homes in Guangdong, as days of heavy rain caused massive flooding in China's most populous province. Three people have died so far, while 11 have gone missing, according to state media. Several major rivers have burst their banks, and authorities are closely monitoring "dangerously high" water levels. They had warned that the level of a river in northern Guangdong could hit a "once in 100 years" peak on Monday morning, though this had yet to materialize by noon.
(BBC Web Page: 22/04/24, FARUK)

**SEVEN KILLED AS RACE CAR HITS CROWD IN SRI LANKA**

Seven people have been killed and 21 injured after a race car ploughed into spectators at a motor event in Sri Lanka. The crash occurred at the Fox Hill Supercross race on Sunday in Diyatalawa, an army base town. Among the dead were four race officials as well as spectators, including an eight-year-old girl, the army said. Police have arrested two drivers, though their condition remains unclear. Authorities said a full police investigation was underway into the crash on the army-owned track. (BBC Web Page: 22/04/24, FARUK)

**PALESTINIAN ARRESTED OVER ISRAELI BOY'S KILLING**

A Palestinian man has been arrested over the murder of a 14-year-old Israeli boy, whose disappearance from an outpost in the occupied West Bank sparked a deadly rampage by settlers. Benjamin Achimeir went missing on 12 April after going to herd sheep near the Palestinian village of Mughayir. As the search went on, settlers torched homes in Mughayir and shot a resident. Achimeir's body was found a day later. The Israeli military said he had been killed in a "terrorist attack". At least four Palestinians were killed as settler violence spread to nearby areas over the following days. (BBC Web Page: 22/04/24, FARUK)

**INDIA OPPOSITION CRITICIZES MODI FOR 'HATE SPEECH'**

India's opposition has accused PM Narendra Modi of Islamophobic remarks after he claimed his opponents would distribute people's wealth to "infiltrators" if they won power. Mr Modi told a rally the opposition Congress wanted to distribute wealth to "those who have many children". His remarks were widely seen as referring to India's Muslim minority. The Congress party has rejected the claim, which came days after the general election began. Mr Modi's Bharatiya Janata Party (BJP) government has often been accused of singling out India's minority communities, especially Muslims. (BBC Web Page: 22/04/24, FARUK)

**PRO-CHINA PARTY WINS MALDIVES ELECTION BY LANDSLIDE**

Maldives President Mohamed Muizzu's party has won a landslide victory in a parliamentary election, cementing his grip on power. Provisional results show the People's National Congress (PNC) won 66 seats in the 93-member house. Analysts view the victory as strong backing for Mr Muizzu's policy to achieve close ties with China. Mr Muizzu, who is widely seen as pro-China, wants to reduce India's longstanding influence in his country. The main opposition Maldivian Democratic Party (MDP) has managed to win only 15 seats. Prior to Sunday's vote it had the majority of seats in parliament. (BBC Web Page: 22/04/24, FARUK)

**SOUTH AFRICA'S ANC LOSES ZUMA PARTY NAME BATTLE**

South Africa's African National Congress (ANC) has lost a legal bid to stop a new party from using the name and logo of uts former armed wing. The governing ANC had argued that uMkhonto we Size (MK), headed by ex-President Jacob Zuma, had breached trademark law. But the Durban High Court disagreed, allowing the use of the name, which translates as Spear of the Nation. It is a significant victory for MK ahead the 29 May general election. Mr Zuma's supporters cheered and chanted in court after the judgement was delivered.
(BBC Web Page: 22/04/24, FARUK)

**RUSSIA DEFIANT OVER NEW US AID TO UKRAINE**

A good rule of thumb since Russia's full-scale invasion of Ukraine has been that what is good for Kyiv, is bad for Moscow. Last Saturday brought good news for the Ukrainian government. The US House of Representatives voted in favour of a $61bn aid package for Kyiv, which will be used to arm its military. The House also approved a bill that will allow the seizure and transfer to Ukraine of Russian assets frozen in America. The bills now move to the Senate for approval. Unsurprisingly, this did not go down well in Moscow.
(BBC Web Page: 22/04/24, FARUK)

**NETANYAHU VOWS TO REJECT ANY SANCTIONS ON ISRAELI ARMY**

Israel's Benjamin Netanyahu has vowed to reject any sanctions on the country's military, after reports that the US plans to cut aid to one unit. "I will fight it with all my strength," the prime minister said on Sunday. Earlier, the Axios news site said the US would target Israel's Netzah Yehuda battalion over alleged human rights violations in the occupied West Bank. The BBC understands any move would come under a US ban on aid to foreign units credibly implicated in violations. Washington - Israel's main ally - has never suspended aid to an IDF unit before. The Israeli military said Netzah Yehuda was operating in accordance with international law. (BBC Web Page: 22/04/24, FARUK)

## ::The End::